১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister AC
মাসিক কিস্তি
৳২০০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

রবিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯৬ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৫ শ্রাবণ ১৪৩০ ॥ ১১ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ৩০ জুলাই ২০২৩

## সরকার বিচারকদের পেশাগত সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বদ্ধপরিকর

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছেন, বর্তমান সরকার দেশ ও জনগণের কল্যাণে এবং ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় বিচার বিভাগের স্বাধীনতা ও বিচারকদের পেশাগত সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বদ্ধপরিকর। গতকাল সন্ধ্যায় রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন ২-এর পাতায় দেখুন




## সারাদেশে আ.লীগের বিক্ষোভ সমাবেশ আজ

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, রোববার (৩০ জুলাই) অগ্নি সন্ত্রাসের বিরুদ্ধে সারাদেশে আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হবে। বিক্ষোভ সমাবেশে আওয়ামী লীগের সব সহযোগী সংগঠনও একই কর্মসূচি পালন করবে।



## অভিভাবকদের প্রতি আব্দুল হাই এমপির আহ্বান

**নিজস্ব প্রতিবেদক :** মহান স্বাধীনতা যুদ্ধে ঝিনাইদহে বাংলাদেশের প্রথম পাতাকা উত্তোলনকারী, ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসন থেকে অষ্টম, নবম, দশম ও একাদশ সংসদ নির্বাচনে নির্বাচিত সংসদ সদস্য, সাবেক প্রতিমন্ত্রী, ঝিনাইদহ জেলা ২-এর পাতায় দেখুন





## ফখরুলকে গালি দিয়ে তারেক জিয়ার ফোন

### আমার দরকার লাশ

**নিজস্ব প্রতিবেদক :** শুক্রবার ২৮ জুলাই জনসভা শেষ হয় সন্ধ্যায়। জনসভার পর বিএনপি নেতারা ছিলেন খোশমেজাজে। তারা লন্ডনে তারেক জিয়ার প্রতিক্রিয়া জানার জন্য তাকে ফোন করেন। ওই প্রান্ত থেকে তারেক জিয়া কি বলেন তা শোনার জন্য স্পিকার অন করেছিলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার সঙ্গে ছিলেন বিএনপির আরও কয়েকজন নেতা। এ সময় তারেক জিয়া মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে অকথ্য ভাষায় গালাগালি করেন। তিনি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে একজন দায়িত্বজ্ঞানহীন ভীরু, নপুংসক নেতা হিসেবে চিহ্নিত করেন। অন্যান্য নেতারা তারেক জিয়ার এই অশ্রাব্য গালিগালাজ ও নোংরা কথায় ২-এর পাতায় দেখুন

# অপমান-ব্যঙ্গ সহ্য করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করেছি : প্রধানমন্ত্রী



**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০০৮ সালের নির্বাচনী ইশতেহারে 'ডিজিটাল বাংলাদেশ' ঘোষণা দেওয়ার পর অনেক ব্যঙ্গ-বিদ্রুপ শুনতে হয়েছে। সেই অপমান, সেই ব্যঙ্গগুলি শুনেও আজকে কিন্তু বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ আমরা করেছি।

গতকাল শনিবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আয়োজিত 'বাংলাদেশ স্টার্টআপ সামিট-২০২৩'-এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তথ্যপ্রযুক্তির বিকাশে সরকারের সহযোগিতার চিত্র তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল অর্থনীতির সুফল পাচ্ছে এখন দেশ। স্টার্টআপে আরও বিনিয়োগের জন্য দেশি-বিদেশি বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, বিনিয়োগ সুরক্ষায় প্রণয়ন করা হয়েছে প্রয়োজনীয় নীতিমালা।

প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশ নিয়ে অনেক ব্যঙ্গ শুনতে হয়েছিল। অপমান ও ব্যঙ্গ সহ্য করেও আজ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন করেছি। সরকার চালাতে গেলে প্রতিনিয়ত নানা সমালোচনা শুনতে হয়। অবশ্য লক্ষ্য থাকলে, কোনো সমালোচনাই সমালোচনা নয়। এখন দ্বিতীয় স্যাটেলাইটের প্রস্তুতি নিচ্ছি। তথ্যপ্রযুক্তির বিকাশে আমরা ট্যাক্স-ভ্যাট কমিয়ে দিয়েছি।

শেখ হাসিনা বলেন, তথ্যপ্রযুক্তি খাতে আমরা পিছিয়ে যাচ্ছিলাম। বাংলাদেশ সুযোগ পেয়েছিল বিনামূল্যে সাবমেরিন ক্যাবলে যুক্ত হওয়ার। কিন্তু তখনকার বিএনপি সরকার সুযোগ নেয়নি। এছাড়া টিউলিপ নামের কারণে বিএনপি সরকার বাতিল করে দিয়েছিল নেদারল্যান্ডের কম্পিউটার সহায়তা।

# বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কো-চেয়ারম্যান, সাবেক মন্ত্রিপরিষদ সচিব কবির বিন আনোয়ার আজ ঝিনাইদহ আসছেন



**ব্যারিষ্টার তানভীর হাসান জিসান হাই :** বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির কো-চেয়ারম্যান কবির বিন আনোয়ার আজ ঝিনাইদহ আসছেন। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা, মহান স্বাধীনতা যুদ্ধে ঝিনাইদহে বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলনকারী, সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই এমপি জানিয়েছেন তিনি আজ ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ অফিসে স্মার্ট কর্ণার উদ্বোধন করবেন। গতকাল তিনি বাগেরহাট জেলা আওয়ামী লীগ অফিসে এবং আজ ঝিনাইদহের পাশাপাশি যশোর জেলা আওয়ামী লীগ অফিসে স্মার্ট কর্ণার উদ্বোধন স্মার্ট কর্ণার উদ্বোধন করেন। জেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দ তাকে স্বাগত জানাবেন। সাবেক মন্ত্রিপরিষদ সচিব কবির বিন আনোয়ার বিসিএস (প্রশাসন) ক্যাডারের সপ্তম ব্যাচের কর্মকর্তা। তিনি ১৯৮৮ সালের ১৫ ২-এর পাতায় দেখুন

## রাজধানীর বিভিন্ন স্থানে বিএনপি-পুলিশ সংঘর্ষ, মাতুয়াইল-ধোলাইখাল রণক্ষেত্র

# পুলিশের গাড়ি ভাঙচুর, বাসে আগুন








**নিজস্ব প্রতিবেদক :** শনিবার (২৯ জুলাই) সকাল ১১টা থেকে বিভিন্ন স্থানে পুলিশ-বিএনপি কর্মীদের সংঘর্ষের খবর পাওয়া গেছে। পূর্বঘোষিত অবস্থান কর্মসূচি অনুযায়ী ঢাকা শহরের গুরুত্বপূর্ণ প্রবেশমুখ ধোলাইখাল, গাবতলী ও উত্তরায় বিএনপি নেতাকর্মীরা অবস্থান নিলে পুলিশের সঙ্গে তাদের ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের এই ঘটনা ঘটে।

রাজধানীর ধোলাইখাল মোড়ে বিএনপির নেতাকর্মীরা অবস্থান নিলে পুলিশ তাদের সরিয়ে দিতে চাইলেই সংঘর্ষের ঘটনা ঘটে। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ টিয়ারশেল নিক্ষেপ করেছে। সংঘর্ষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় আহত হয়েছেন। তাকে আটক করা হয়েছে। এছাড়া ঘটনাস্থল থেকে দলের সাংগঠনিক সম্পাদক আব্দুস সালাম আজাদসহ সাত আটজনকে আটক করা হয়েছে।

এদিকে গাবতলী খালেক সিএনজি পাম্পে বিএনপির নেতাকর্মীরা অবস্থান নিতে গেলে পুলিশ তাতে বাধা দেয়। এসময় দুপক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পুলিশ বিএনপির নেতাকর্মীদের কাছ থেকে মাইক ও চেয়ার নিয়ে যায়। এসময় বিএনপি নেতা আমানুল্লাহ আমানকে আটক করা হয়েছে। এখানে সরকারি দলের নেতাকর্মীরা অবস্থান নিয়েছেন।

অন্যদিকে আব্দুল্লাহপুর, উত্তরা জসিম উদ্দিনে পুলিশের সঙ্গে বিএনপি কর্মীদের সংঘর্ষ চলছে। বিএনপিকে সড়ক অবরোধ ঠেকাতে পুলিশের পাশপাশি আছেন আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। এখানেও পুলিশ টিয়ারগ্যাস নিক্ষেপ করেছে। এর আগে ২-এর পাতায় দেখুন

### মানবতার মা প্রধানমন্ত্রীকে আমানের ধন্যবাদ

## খাবার-ফল-জুস নিয়ে আমানকে হাসপাতালে দেখে এলেন প্রধানমন্ত্রীর প্রতিনিধি



আমানউল্লাহ আমানকে দেখতে হাসপাতালে যান প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব গাজী হাফিজুর রহমান লিকু।

**নিজস্ব প্রতিবেদক :** অবস্থান কর্মসূচি থেকে পুলিশ তুলে নেওয়ার পর অসুস্থ বিএনপি নেতা আমানউল্লাহ আমানকে ভর্তি করা হয়েছে হাসপাতালে।

তিনি এখন রয়েছেন জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে; তার খোঁজ-খবর নিতে সেখানে প্রতিনিধি পাঠালেন স্বয়ং প্রধানমন্ত্রী শেখ হাসি-না।

নির্দলীয় সরকারের অধীনে নির্বাচনের দাবিতে সরকার পতনের একদফা আন্দোলনে নামা বিএনপি গতকাল শনিবার ঢাকার সব প্রবেশমুখে অবস্থান কর্মসূচি দিয়েছিল। তবে পুলিশ এই কর্মসূচি ২-এর পাতায় দেখুন

### পুলিশের অনুমতি না পাওয়ায়

## অবস্থান কর্মসূচি স্থগিত করল আওয়ামী লীগ

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অনুমতি না পাওয়ায় ঢাকার প্রবেশমুখে অবস্থান কর্মসূচি থেকে সরে এসেছে আওয়ামী লীগ। তবে নেতাকর্মীরা ঢাকা মহানগরীতে সতর্ক অবস্থানে থাকার কথা জানিয়েছে ক্ষমতাসীন দলটি।

শুক্রবার (২৮ জুলাই) রাতে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের দফতর সম্পাদক রিয়াজ উদ্দিন রিয়াজ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

রিয়াজ উদ্দিন বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি শ্রদ্ধা জানিয়ে আমাদের পূর্ব ঘোষিত অবস্থান কর্মসূচি প্রত্যাহার করা হয়েছে। তবে প্রতিটি থানা ওয়ার্ড কার্যালয়ে নেতাকর্মীরা সতর্ক পাহারা দেবেন।

তিনি বলেন, যেকোনো ধরনের বিশৃঙ্খলা এড়াতে ওয়ার্ড কার্যালয়ের সামনে সতর্ক অবস্থানে থাকবেন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

আওয়ামী লীগের অবস্থান কর্মসূচি প্রত্যাহার হলেও ক্ষমতাসীন দলের সহযোগী সংগঠন যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের অবস্থান কর্মসূচি সম্পর্কে সিদ্ধান্ত জানা যায়নি।

এই দুই সংগঠনও ঢাকার প্রবেশমুখ আমিনবাজার, গাবতলী, যাত্রাবাড়ী দনিয়া, টঙ্গী, আবদুল্লাহপুর, বাবুবাজার, নবাবপুর প্রভৃতি এলাকায় আজ সকাল ১১টা থেকে অবস্থান কর্মসূচি ও ২-এর পাতায় দেখুন

## বিএনপির ৯০ নেতাকর্মী আটক ২০ পুলিশ আহত

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর বিভিন্ন প্রবেশমুখে বিএনপির অবস্থান কর্মসূচি থেকে অন্তত ৯০ নেতাকর্মীকে আটক করা হয়েছে। এসব স্থানে নেতাকর্মীদের সঙ্গে সংঘর্ষের ঘটনায় পুলিশের যুগ্ম কমিশনারসহ ২০ পুলিশ সদস্য আহত হয়েছেন।

গতকাল শনিবার বিকেলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপকমিশনার (ডিসি) মো. ফারুক হোসেন এক সংবাদ ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন।

মো. ফারুক হোসেন বলেন, আমরা বিএনপিকে জানিয়েছিলাম যে তাদের অবস্থান কর্মসূচি পালনের অনুমতি ২-এর পাতায় দেখুন



## জিজ্ঞাসাবাদ শেষে ছেড়ে দেওয়া হলো গয়েশ্বরকে

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়কে ডিবি কার্যালয় থেকে জিজ্ঞাসাবাদ শেষে ছেড়ে দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান মোহাম্মদ হারুন অর রশীদ। শনিবার (২৯ জুলাই) তিনি সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেন।

ডিবি প্রধান হারুন অর রশীদ বলেন, আমাদের কাছে আগেই তথ্য ছিল বিএনপি বড় ধরনের নাশকতা করার চেষ্টা ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সোর্সের হামলায় সাংবাদিক আহত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সোর্স পরিচয়ে দিয়ে এলাকায় চাঁদাবাজি,সাধারণ মানুষের ভয়ভীতি জিম্মিসহ,মাদক সম্রাট,মাদকসেবনকারী শৈলকুপার মাইলমারী গ্রামের মৃত জব্বার সরদার এর ছেলে সোহেল এর অত্যাচারে অতিষ্ঠ হয়ে উঠেছে এলাকাবাসী। এছাড়াও সোহেল এর বিরুদ্ধে সন্ত্রাসী কার্যকলাপেরও অভিযোগ রয়েছে।

জানা যায়, বৃহস্পতিবার দুপুরে সহেল পদমদি গ্রামের নিরহ কৃষক খোকন নামে একজনকে মাদক ব্যবসায়ী বলে মাঠ থেকে মারধর করে। এছাড়া একই গ্রামের ভ্যানচালক কে মাদক দিয়ে ধরিয়ে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে ৩ দিন ব্যাপী প্রাথমিক মানসিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণের সমাপনী



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে শেষ হয়েছে ৩ দিন ব্যাপী প্রাথমিক মানসিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ। শনিবার বিকেলে শহরের ফুড সাফারি মিলনায়তনে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়। শিশু কিশোর, বয়সন্ধিকালীন সময়ে মানসিক নানা সমস্যার প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ গত ২৭ জুলাই শুরু হয়। এতে ঝিনাইদহ রেড ক্রিসেন্ট সোসাইটির ২০ জন স্বেচ্ছাসেবী অংশগ্রহণ করে।

বাংলাদেশ রেড ক্রস'র সহযোগিতায় রেড ক্রিসেন্ট সোসাইটির আয়োজনে এ প্রশিক্ষণ কর্মশালার সমাপনী দিনে উপস্থিত ছিলেন ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান ও ঝিনাইদহ রেড ক্রিসেন্ট সোসাইটির ভাইস চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সেক্রেটারী জে এম রশিদুল আলম, কার্যনির্বাহী সদস্য গোলাম সরওয়ার খান সউদ, দেবদাস মজুমদার, যুব প্রধান শাহীনুর ২-এর পাতায় দেখুন



## আশুরার দিনে কারবালায় আগুনে চারজনের মৃত্যু


**নিজস্ব প্রতিবেদক :** ইরাকের মাজার নগরী কারবালায় অগ্নিকাণ্ডের ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার পবিত্র আশুরা পালন উপলক্ষে হাজার হাজার শিয়া ভক্ত জড়ো হয় সেখানে। এ সময় হতাহতের এই ঘটনা ঘটে। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ২-এর পাতায় দেখুন

## খুলনার সিভিল সার্জন ডা. সুজাত ওএসডি

**নিজস্ব প্রতিবেদক :** করোনা পরীক্ষার ২ কোটি ৬১ লাখ টাকা আত্মসাত মামলার অভিযোগ পত্রে নাম ২-এর পাতায় দেখুন

### কৈফিতৎ

গতকাল পবিত্র আশুরা উপলক্ষ্যে সংবাদপত্রের ছুটি ছিল। বিধায় আমাদের পত্রিকার সকল বিভাগের কার্যক্রম বন্ধ ছিল। তবে বিশেষ ব্যবস্থায় ঢাকা এবং ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ হিসেবে একযোগে প্রকাশিত দৈনিক এই আমার দেশ পত্রিকার প্রকাশিত হয়েছে। -সম্পাদক

আজ থেকে শুরু হচ্ছে
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
রবিবার ৩০ জুলাই ২০২৩ ইং

# গ্রিডে যুক্ত হলো মাতারবাড়ীর বিদ্যুৎ

**নিজস্ব প্রতিবেদক :** মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট সফলভাবে চালু হয়েছে। এ ইউনিটের উৎপাদন ক্ষমতা ৬০০ মেগাওয়াট। গতকাল শনিবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিদ্যুৎ,জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়।



বিজ্ঞপ্তিতে বলা হয়, মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিট জাতীয় গ্রিডে সিন্‌ক্রোনাইজড করে সফলভাবে চালু করা হয়েছে। পরীক্ষামূলক উৎপাদনে থাকা কেন্দ্রটি বর্তমানে কমবেশি ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যোগ করছে। যা পর্যায়ক্রমে আরো বাড়বে।
এদিকে আগামী ডিসেম্বর নাগাদ মাতারবাড়ী বিদ্যুৎকেন্দ্রটি পুরোপুরি চালুর আশা করছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। প্রকল্প পরিচালক আবুল কালাম আজাদ বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলতি বছরের ডিসেম্বরে ইউনিটটি নিয়মিত উৎপাদন প্রক্রিয়ার উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে।'
প্রকল্প পরিচালক আরও বলেন, প্ল্যান্টের সম্মিলিত উৎপাদন ক্ষমতা ১২০০ মেগাওয়াট, আগামী মার্চ বা এপ্রিল মাসে পুরোদমে উৎপাদনের যাওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে, ২০২৪ সালের জুলাই মাসে এটি পুরোপুরি চালুর পূর্ব পরিকল্পনা ছিল।
সরকারের মেগা প্রকল্পগুলোর অন্যতম মাতারবাড়ি বিদ্যুৎ কেন্দ্রটি জাপানের সহায়তার মোট প্রায় ৫১,৮০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে এবং এটি প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পগুলোর মধ্যে অন্যতম। সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতে, পুরো প্ল্যান্টে প্রতিদিন ১০ হাজার টন ও প্রতিটি ইউনিটে ৫ হাজার টন কয়লা প্রয়োজন হবে। এখন পর্যন্ত ২ লাখ টন কয়লা সংরক্ষণ করা হয়েছে এবং ৬৫ হাজার টন আগামী ৭ আগস্ট উৎপাদন এলাকায় পৌঁছাবে।প্রকল্প পরিচালক জানান, জাহাজ থেকে সরাসরি ট্যাঙ্কে কয়লা আনলোড করার জন্য প্রকল্প এলাকায় দুটি জেটির পাশাপাশি ১.৭ মিলিয়ন টন স্টোরেজ ক্ষমতার চারটি ট্যাঙ্ক ইতোমধ্যে নির্মিত হয়েছে। ট্যাঙ্কগুলোর ৬০ দিনের জন্য কয়লা সংরক্ষণের সক্ষমতা রয়েছে।

## এসএসসি পরীক্ষায় ফেল করায় স্কুলছাত্রীর আত্মহত্যা

**নিজস্ব প্রতিবেদক :** ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় এসএসসি পরীক্ষায় ফেল করায় শারমিন আক্তার মাহিনুর (১৭) নামে এক স্কুলছাত্রী আত্মহত্যা করেছে।
গত শুক্রবার রাত সাড়ে ১১টায় ব্রাহ্মণবাড়িয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মাহিনুর মারা যায়।
শারমিন আক্তার মাহিনুর উপজেলার চাতলপাড় ইউনিয়নের রতনপুর গ্রামের জীবু মিয়ার মেয়ে? মাহিনুর চাতলপাড় ওয়াছ উদ্দিন উচ্চ বিদ্যালয় থেকে মানবিক শাখা থেকে এসএসসি পরীক্ষা দিয়েছিল।
মাহিনুরের চাচা খসরু মিয়া জানান, শুক্রবার দুপুরে চাতলপাড় ওয়াছ উদ্দিন উচ্চ বিদ্যালয়ে এসএসসির রেজাল্টের তালিকা আসলে জানতে পারে মাহিনুর অকৃতকার্য হয়েছে। বিষয়টি সে মানতে পারেনি। তারপর সন্ধ্যার দিকে পরিবারের সবার অগোচরে ইঁদুর মারার ট্যাবলেট খেয়ে ফেলে। পরে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতাল নিয়ে ভর্তি করলে রাত সাড়ে ১১টার দিকে মাহিনুর মারা যান।
নাসিরনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাবিবুল্লাহ সরকার ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মরদেহ ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

## ডিবি কার্যালয়ে গয়েশ্বরকে হারুনের আপ্যায়ন

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে সোনারগাঁও হোটেলের খাবার এনে আপ্যায়ন করা হয়েছে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়কে। শনিবার বেলা ১২টার দিকে তাকে নিয়ে আসা হয়। পরে বেলা ৩টার দিকে ডিবি কার্যালয় থেকে বের হন তিনি।



ভাইরাল হওয়া ছবিতে দেখা যায়, ডিবি প্রধান হারুন অর রশীদের সঙ্গে তিনি দুপুরের খাবার খান। একটি ভিডিওতে দেখা যায়, গয়েশ্বরের প্লেটে খাবার তুলে দিচ্ছেন ডিবি প্রধান। এরপর একটি গাড়িতে করে তাকে বাসায় পৌঁছে দেওয়া হয়।
ডিবি প্রধান হারুন অর রশীদ জানিয়েছেন, রাজধানীর ধোলাইখাল মোড়ে বিএনপি ২-এর পাতায় দেখুন

## পরীক্ষায় ফেল করে শিক্ষার্থীর আত্মহত্যা

**হরিণাকুণ্ডু প্রতিনিধি :** ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে এসএসসি পরীক্ষায় ফেল করে আসিফ আলী (১৬) নামে এক শিক্ষার্থী গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে। শুক্রবার রাতে উপজেলার আন্দুলিয়া গ্রামের একটি খালের পাড়ে মেহগনি গাছের সাথে পাটগাছের আঁশ দিয়ে গলাই ফাঁস লাগিয়ে সে আত্মহত্যা করে। স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে শনিবার ভোরে পুলিশ তার মরদেহ উদ্ধার করে। আসিফ উপজেলার তাহেরহুদা গ্রামের খয়বার আলীর ছেলে। চলতি বছর সে আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেয়।
পুলিশ ও আসিফের পরিবার সূত্রে জানা যায়, শুক্রবার এসএসসি পরীক্ষার ফলাফল বের হওয়ার পর বিষন্ন অবস্থায় সে বাড়িতে ফেরে। বাবা-মা জানতে চাইলে পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ২-এর পাতায় দেখুন

## খুলনাসহ ৮ অঞ্চলে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে

**নিজস্ব প্রতিবেদক :** দেশের ৯টি অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ বা দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৬০ কিমি বেগে অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।
গতকাল শনিবার দুপুর ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য আবহাওয়ার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে।
এতে বলা হয়েছে, রংপুর, খুলনা, বরিশাল, ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে গভীর রাতে ব্যবসা প্রতিষ্ঠানে চুরি

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ শহরের মধুগঞ্জ বাজার ফুড গোডাউনের পাশে আকরাম এন্টারপ্রাইজের গোডাউনে চুরির ঘটনা ঘটেছে। শুক্রবার (২৭ জুলাই) দিবাগত রাতে চোরেরা প্রতিষ্ঠানটির গোডাউনের পিছনের গ্রীল কেটে ও দরজার ভেঙ্গে মালামাল চুরি করে নিয়ে গেছে। চুরি হয়ে যাওয়া মালামালের আনুমানিক মূল্য ৫০ হাজার টাকার উপরে হবে বলে জানিয়েছেন ঐ প্রতিষ্ঠানের মালিক আকরাম হোসেন।
আকরাম এন্টারপ্রাইজের মালিক আকরাম হোসেন বলেন, আমি প্রতিদিনের ন্যায় সকালে আফিস খুলে ভিতরে গিয়ে দেখি দরজা ভিতর থেকে লাগানো। এরপর অন্য দরজা দিয়ে ভিতরে প্রবেশ করে দেখতে পায় পিছনের গ্রিল ভাঙ্গা এবং বেশ কয়েকটা রুমের দরজার হ্যাস ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে গাছ কেটে সীমানা প্রাচীর ভেঙ্গে জমি দখলের চেষ্টা, থানায় মামলা

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট সদর উপজেলার ডেমা এলাকায় গাছ কেটে এবং সীমানা প্রাচীর ভেঙ্গে জমি দখলের চেষ্টার অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে। জমি দখলের নেওয়ার জন্য দফায় দফায় হামলা ও মারপিটেরও ঘটনা ঘটেছে বলে দাবি ভুক্তভোগী পরিবারের। প্রতিপক্ষের হামলায় আপন দুই ভাই আহত হয়েছেন। এ ঘটনায় ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী ৭ জনের নাম উল্লেখ করে বাগেরহাট মডেল থানায় মামলা দায়ের করেছেন।
মামলা সূত্রে জানাযায়, ডেমা ইউনিয়নের ডেমা মৌজার



৭৯৪ নং খতিয?ানে মোঃ এসকেন্দার আলী ও তার ভাইদের ৩শতক জমি রয়েছে। ওই জমির চারপাশে সীমানা প্রাচীর নির্মান করে এবং গাছপালা লাগিয়ে তারা দীর্ঘদিন ধরে ভোগদখল করে আসছে। কিন্তু গেল ২০ জুলাই ওই জমি দাবী করে একই এলাকার আনসার উদ্দিন পাইকের ছেলে জাহিদুল কবির টুকু, জাফর আলী পাইক এর ছেলে আলাউদ্দিন বাচ্চু সহ ২০-২২ জন লোহার রড, শাবল, কুড়াল, হাতুড়িসহ বিভিন্ন অস্ত্র নিয়ে জমিতে প্রবেশ করে। তারা ১৭৫ ফুট সীমানা প্রাচীর ২-এর পাতায় দেখুন

## সাতক্ষীরায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল চালক নিহত

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরায় ডাম্পার ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল চালক এক রাজমিস্ত্রী নিহত হয়েছে। শুক্রবার (২৮ জুলাই) সকাল ৮টার দিকে সদর উপজেলাধীন সাতক্ষীরা-যশোর সড়কের ঝাউডাঙ্গা বাজারের উত্তর পাশে রাধাগোবিন্দ মন্দিরের সমানে এই ঘটনা ঘটে।
নিহতের নাম মোঃ সুজাউদ্দিন ওরফে সুজা (৩২)। তিনি সাতক্ষীরার কলারোয়া উপজেলার উত্তর রায়টা গ্রামের মৃত গোপাল সরদারের ছেলে। তিনি পেশায় একজন রাজমিস্ত্রী ছিলেন।
পুলিশ ও প্রতক্ষ্যদর্শী সূত্রে জানা যায়, নিহত সুজা সকালে মোটরসাইকেলে কলারোয়ার দিকে থেকে ঝাউডাঙ্গা বাজারের দিকে ২-এর পাতায় দেখুন

## ছাত্রলীগের কেন্দ্রীয় সহ-সভাপতি মনোনীত হয়েছেন কালীগঞ্জের সন্তান খন্দকার হাবিব আহসান

**বসির আহাম্মেদ :** বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের সহ-সভাপতি মনোনীত হয়েছেন ঝিনাইদহের কালীগঞ্জের কৃতি সন্তান, পরিশ্রমী ও মেধাবী শিক্ষার্থী খন্দকার হাবিব আহসান।



সম্প্রতি ৩০১ সদস্য বিশিষ্ট এই কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান ।
খন্দকার হাবিব আহসান বর্তমানে লন্ডন বিশ্ববিদ্যালয় (University of London) এ আইন বিষয়ে অধ্যায়নরত আছেন। সাবেক ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী হিসেবে সুনামের সাথে শিক্ষা জীবন শেষ করে। এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ভূমিকা ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণের জন্য ঋণের চেক বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ সরকারের সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলায় দুইটি দুগ্ধ সমবায় সমিতির ৫০জন সদস্যর মাঝে ঋণের চেক বিতরণ করা হয়েছে। শনিবার সকাল ১১টায় কালীগঞ্জ উপজেলা পরিষদের হল রুমে সমবায় অধিদপ্তরের দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ-৪ আসনের জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার। কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত ২-এর পাতায় দেখুন



## পাইকগাছায় অধ্যক্ষের ঘুষিতে নাক ফাটলো প্রভাষকের

**নিজস্ব প্রতিবেদক :** খুলনার পাইকগাছা উপজেলার কপিলমুনি জাফর আউলিয়া ডিগ্রি মাদ্রাসার বহু বিতর্কিত অধ্যক্ষ হাফেজ মাওঃ আবদুস সাত্তার এবার ঘুষিতে নাক ফাটালেন একই প্রতিষ্ঠানের আরবি প্রভাষক মো. আল-আমিন এর। ঠুনকো অযুহাতে ক্লাস থেকে ডেকে টিচার্স কমনরুমে নিয়ে সহকর্মীদের সামনেই বাক্-বিতন্ডার একপর্যায়ে তিনি ঘুষি মেরে নাক ফাটান ওই প্রভাষকের। এসময় রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে কপিলমুনি হাসপাতাল ও পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।
শারীরিকভাবে লাঞ্ছিত হওয়ার খবরে বৃহস্পতিবার (২৭ জুলাই) দুপুর সাড়ে ১২ টার দিকে সরেজমিনে মাদ্রাসায় গেলে টিচার্স কমনরুমে প্রভাষক মো. আল-আমিন এ প্রতিনিধিকে জানান, দুপুর ১২ টার দিকে তিনি ৯ম শ্রেণির ক্লাসে পাঠদান করছিলেন, এসময় মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাও: আব্দুস সাত্তার মোবাইল ফোনে জরুরি ভিত্তিতে তাকে তার রুমে ডাকেন। তিনি তাৎক্ষণিক শিক্ষক রুমে প্রবেশ করতেই জনৈকা শিক্ষার্থীকে নিয়ে তার অভিভাবকদের কাছে মিথ্যা নালিশের কৈফিয়ৎ তলব করে বাক-বিতন্ডায় লিপ্ত হন। এক পর্যায়ে প্রিন্সিপাল সহকর্মী শিক্ষকদের সামনেই আল-আমিনের মুখে-মাথায় চড়, কিল ঘুষি মারতে উদ্যত ২-এর পাতায় দেখুন

## ডেঙ্গুতে ১০ জনের মৃত্যু হাসপাতালে ভর্তি ২২০২ রোগী

**নিজস্ব প্রতিবেদক :** ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় সারাদেশে ১০ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২৩৯ জনে। এছাড়া গত ২৪ ঘণ্টায় নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন দুই হাজার ২০২ জন। এর আগে বুধবার (২৬ জুলাই) একদিনে দুই হাজার ৬৫৩ জন হাসপাতালে ভর্তি হন, যা একদিনে এ বছরের মধ্যে সর্বোচ্চ।



গতকাল শনিবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ মো. জাহিদুল ইসলামের সই করা ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।
স্বাস্থ্য অধিদপ্তর জানায়, ২-এর পাতায় দেখুন

## একাদশে ভর্তি প্রক্রিয়া শুরু ১০ আগস্ট

**নিজস্ব প্রতিবেদক :** চলতি বছর একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া আগামী ১০ আগস্ট শুরু হবে। এর আগে চলতি সপ্তাহে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা প্রকাশ করবে শিক্ষা বোর্ডগুলো। তবে নীতিমালায় কোনো পরিবর্তন আনা হচ্ছে না। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. তপন কুমার সরকার এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, 'প্রাথমিকভাবে আমরা সিদ্ধান্ত নিয়েছি আগামী ১০ আগস্ট থেকে কলেজগুলোতে ভর্তির প্রক্রিয়া শুরু হবে। দু-একদিনের মধ্যে একাদশে ভর্তির নীতিমালা প্রকাশ করা হবে। এবারের ভর্তির নীতিমালাও অন্যান্যবারের মতোই থাকবে।'
শুক্রবার (২৮ জুলাই) এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার ১১টি শিক্ষা বোর্ডে গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। পাস করেছে ১৬ লাখ ৪১ হাজার শিক্ষার্থী। গত বছর (২০২২ সাল) পাসের হার ছিল ৮৭ দশমিক ৪৪।
এদিকে, এবার মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। গত বছর জিপিএ-৫ পেয়েছিল ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। ফলে এবার এসএসসি ও সমমানে পাসের হার ও জিপিএ-৫ দুটোই কমেছে। পূর্ণ নম্বরের ওপর প্রশ্নপত্র ও সব বিষয়ের পরীক্ষা হওয়ায় এবার ফলাফল নিম্নমুখী বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী।



## রাজধানীতে তাজিয়া মিছিল

**নিজস্ব প্রতিবেদক :** মিছিলটি বকশীবাজার, আজিমপুর, নিউ মার্কেট হয়ে ধানমন্ডি লেক গিয়ে শেষ হয়েছে ছবি: সাজ্জাদ হোসেন
মিছিলটি বকশীবাজার, আজিমপুর, নিউ মার্কেট হয়ে ধানমন্ডি লেক গিয়ে শেষ হয়েছে ছবি: সাজ্জাদ হোসেন
ইরাকের কারবালার শোককে ধারণ করে পবিত্র আশুরা উপলক্ষে রাজধানীতে তাজিয়া মিছিল করেছে শিয়া সম্প্রদায়। শনিবার (২৯ জুলাই) সকালে পুরান ঢাকার হোসেনি দালান থেকে তাজিয়া মিছিলের যাত্রা শুরু হয়। মিছিলটি বকশীবাজার, আজিমপুর, নিউ মার্কেট হয়ে ধানমন্ডি লেক গিয়ে শেষ হয়েছে। 'হায় হোসেন, হায় হোসেন' শোকের মাতমে ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

## সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

### মাধ্যমিকের ফল প্রকাশ

## শিক্ষার্থীদের অভিনন্দন

গতকাল শুক্রবার চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষায় গড় পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। পরীক্ষায় কৃতকার্য সব শিক্ষার্থীকে আমাদের অভিনন্দন। ফলাফল মূল্যায়নে দেখা গেছে, গত বছরের তুলনায় এবার পাসের হার কমেছে ৭.০৫ শতাংশ। গতবার পাসের হার ছিল ৮৭ দশমিক ৪৪ শতাংশ। জিপিএ-৫ও কমেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। ২০২২ সালে জিপিএ-৫ পেয়েছিল ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিল এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় এ বছর পরীক্ষার্থী ছিল ২০ লাখের বেশি। পরীক্ষায় ৪৮টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে একজন শিক্ষার্থীও পাস করতে পারেনি। গত বছর এমন প্রতিষ্ঠান ছিল ৫০টি। জানা গেছে, ঢাকা বোর্ডে ৭৭ দশমিক ৫৫, চট্টগ্রাম বোর্ডে ৭৮ দশমিক ২৯, কুমিল্লা বোর্ডে ৭৮ দশমিক ৪২, বরিশাল বোর্ডে ৯০ দশমিক ১৮, ময়মনসিংহ বোর্ডে ৮৫ দশমিক ৪৯, রাজশাহী বোর্ডে ৮৭ দশমিক ৮৯, যশোর বোর্ডে ৮৬ দশমিক ১৭, দিনাজপুর বোর্ডে ৭৬ দশমিক ৮৪ ও সিলেট বোর্ডে ৭৬ দশমিক ০৬ শতাংশ পাস করেছে। এছাড়া কারিগরি শিক্ষা বোর্ডে পাসের হার ৮৬ দশমিক ৩৫ শতাংশ এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৭৪ দশমিক ৭০ শতাংশ। শিক্ষার্থীদের জীবনে মাধ্যমিক স্তরের পরীক্ষার ফলাফল বিশেষ গুরুত্বপূর্ণ। পাসের হার বাড়ানোর চেয়েও বেশি জরুরি শিক্ষার মান বাড়ানো। এ ক্ষেত্রে অগ্রগতি কতটা হচ্ছে তার যথাযথ নিরীক্ষা হওয়া দরকার। কারণ পরীক্ষায় উত্তীর্ণদের একটি বড় অংশ পরবর্তী ধাপে পৌঁছানোর আগেই ঝরে পড়ছে। তবে এটা স্বীকার করতে হবে যে বর্তমানে পরীক্ষায় নকলের প্রবণতা কমে গেছে- এটা ঠিক, তবে এখনো দেশে নোট-গাইড বইয়ের দৌরাত্ম্য, কোচিং বাণিজ্য ও প্রশ্নপত্র ফাঁসের সংস্কৃতি বন্ধ হয়নি। প্রশ্নপত্র ফাঁস পুরোপুরি নিয়ন্ত্রণ করা যায়নি। এগুলো শিক্ষার মানের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলছে। এ বিষয়গুলোতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আরো দৃষ্টির প্রয়োজন। বলতেই হয়, সঠিক পথে এগিয়ে যেতে হলে উত্তীর্ণদের কলেজ বা উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির বিকল্প নেই। ইতোমধ্যেই সরকারি-বেসরকারি প্রণোদনায় দেশে এ জাতীয় অনেক শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেছে। ধারণা করা যায়, এসএসসি উত্তীর্ণদের ভর্তি নিয়ে সংকট থাকবে না। তবুও প্রত্যেক কৃতকার্য শিক্ষার্থীর যোগ্যতা অনুযায়ী নির্দিষ্ট কলেজে ভর্তির সুযোগসহ সুশিক্ষা নিশ্চিত করাও বিশেষ জরুরি।

## বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচন

ফেব্রুয়ারি সহকারী কমিশনার হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগ দেন। এর আগে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (প্রশাসন) হিসেবেও দায়িত্ব পালন করেছেন। ২০১৮ থেকে তিনি সিনিয়র সচিব হিসেবে পানিসম্পদ মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করছেন। তিনি সেতু বিভাগের সিনিয়র সচিব হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

**পরিচিতি এবং পারিবারিক জীবন**

কবির বিন আনোয়ার একজন বিসিএস (প্রশাসন) ক্যাডারের সপ্তম ব্যাচের একজন কর্মকর্তা।

তিনি ১৯৬৪ সালের ৪ জানুয়ারি সিরাজগঞ্জ জেলার একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার বাবা আনোয়ার হোসেন রতু একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি পেশায় একজন ব্যবসায়ী হওয়া সত্ত্বেও পেশাগত জীবনের পাশাপাশি তিনি বিভিন্ন আর্থসামাজিক উন্নয়ন কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন।

কবির বিন আনোয়ারের মা সৈয়দা ইসাবেলা ছিলেন ঐতিহাসিক মুক্তি সংগ্রামের একজন অন্যতম সংগঠক। তিনি পেশাগত জীবনে শিক্ষকতা করতেন। সেই সঙ্গে তিনি রচনা করেছেন ২২টি বই। কবিরের মাতামহ সৈয়দা ইসহাক হোসাইন সিরাজী ছিলেন একটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সংগীতজ্ঞ। তিনি বিখ্যাত লেখক ও কবি সৈয়দ ইসমাইল হোসেন সিরাজীর ভাই।

তার পিতামহ আব্দুস সামাদ মিয়া ছিলেন একজন আইনজীবী। তিনি তৎকালীন কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি অর্জন করেছিলেন।

কবির বিন আনোয়ারের সহধর্মিণী তৌফিকা আহমেদ। এই দম্পতির এক ছেলে ও দুই মেয়ে রয়েছেন।

**শিক্ষাজীবন**

কবির বিন আনোয়ার তার স্কুল ও কলেজ জীবন সম্পন্ন করেন ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুল ও কলেজ, ঢাকা থেকে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে এমএ ডিগ্রি অর্জন করেন। পরবর্তী সময়ে তিনি আইন শিক্ষার অভিপ্রায়ে এলএলবি ডিগ্রি অর্জন করেন।

স্কুলে পড়া অবস্থায় ১৯৭৪ সালে ষষ্ঠ শ্রেণি থেকে তিনি বয়েজ স্কাউটের কার্যক্রমের সঙ্গে সরাসরি সংযুক্ত হন। তৎপরবর্তী সময়ে তার শিক্ষাজীবনের সব স্তরে এবং চাকরি জীবনের সব কর্মস্থলে স্কাউটিং তথা নানাবিধ সমাজকল্যাণমূলক কার্যক্রমের সঙ্গে সংযুক্ত রয়েছেন।

তিনি ২০১৫ সাল থেকে জাতীয় স্কাউট সিরাজগঞ্জ এর সংরক্ষণ ও উন্নয়ন বিষয়ক কমিটির আহ্বায়ক হিসেবে কাজ শুরু করেন। পরবর্তী সময়ে ২০১৬ সালে স্বাস্থ্যবিষয়ক জাতীয় কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন এবং ২০১৮ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ স্কাউটের উন্নয়নবিষয়ক জাতীয় কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন।

**কর্মজীবন**

কবির বিন আনোয়ার ১৯৮৮ সালের ১৫ ফেব্রুয়ারি সহকারী কমিশনার হিসেবে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি তার বর্ণিল ও সাফল্যমণ্ডিত দীর্ঘ পেশাগত জীবনে একাধারে মাঠ প্রশাসন ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পদে থেকে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন এবং এখনও করে যাচ্ছেন।

মাঠ প্রশাসনের যেসব গুরুত্বপূর্ণ পদে তিনি কর্মরত ছিলেন তার মধ্যে সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার অন্যতম। তা ছাড়া তিনি সহকারী সচিব হিসেবে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ফার্স্ট সেক্রেটারি হিসেবে বাংলাদেশ অ্যাম্বাসি, হেগ, নেদারল্যান্ডসে, সিনিয়র সহকারী সচিব হিসেবে অর্থ মন্ত্রণালয়ে, উপসচিব হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এবং সরকারের অতিরিক্ত সচিব হিসেবে মহাপরিচালক পদে (প্রশাসন) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্মরত ছিলেন।

২০১৮ সাল থেকে এখন পর্যন্ত তিনি সরকারের সিনিয়র সচিব হিসেবে পানিসম্পদ মন্ত্রণালয়ে রয়েছেন।

**আন্তর্জাতিক পর্যায়ে অংশগ্রহণ**

কবির বিন আনোয়ার নানাবিধ আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন। তিনি আন্তর্জাতিক বিভিন্ন সভা, সেমিনার, কর্মশালা ও নেগোসিয়েশনে অংশগ্রহণ করার জন্য অনেক দেশ ভ্রমণ করেছেন। তিনি প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে জাতিসংঘের সহস্রাব্দ সম্মেলন, ওআইসি সম্মেলন, কমনওয়েলথ সম্মেলনে অংশগ্রহণ করেন এবং পবিত্র হজ্ব পালনে সৌদি আরবে যান। এ ছাড়া তিনি ১৭টি দেশে প্রধানমন্ত্রীর সরকারি সফরে সফরসঙ্গী হিসেবে ছিলেন। তিনি সর্বমোট ৪২টি দেশ ভ্রমণ করেন।

## অভিভাবকদের প্রতি আব্দুল হাই

আওয়ামী লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই এমপি অভিভাবকদের তাদের সন্তানদের প্রতি আরও মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, শিশুদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া তাদের মেধা অনুযায়ী দক্ষতা বিকাশে সহায়তা করতে পারে।

গতকাল দৈনিক এই আমার দেশ পত্রিকার সাংবাদিকদের দেয়া এক বিবৃতিতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা-২০২৩-এর ফলাফল প্রসঙ্গে তিনি বলেন, 'আপনার বাচ্চাদের অন্য ব্যক্তির বাচ্চাদের সাথে তুলনা করবেন না বরং তাদের মেধা অনুযায়ী দক্ষতা বিকাশ করতে দিন।'

পরীক্ষায় অকৃতকার্য হওয়া সন্তানদের পড়ালেখায় মনোযোগী হতে অভিভাবকদের উদ্যোগ নেওয়ারও আহ্বান জানান আব্দুল হাই এমপি। 'তাদের তিরস্কার করবেন না, বরং তাদের আরও স্নেহ এবং ভালবাসা দিন যাতে তারা তাদের পড়াশোনায় মনোযোগ দিতে পারে।'

শিক্ষা এমন একটি সম্পদ যা কেড়ে নেওয়া যায় না উল্লেখ করে শে হাসিনা বলেন, 'এটা (শিক্ষা) সবসময় প্রয়োজন হবে। তাই শিক্ষার প্রতি আপনাদের (অভিভাবকদের) আরও আন্তরিক হতে হবে। আমি আপনাদের অনুরোধ করছি আপনার সন্তানরা কোথায় যায় এবং তারা কী করে সে দিকে মনোযোগ দিন।'

আব্দুল হাই এমপি এবারের পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীদের আগামী বছরের জন্য নিজেদের প্রস্তুত করার পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, 'আমি অকৃতকার্য ছাত্রদের বলব, হতাশ হওয়ার কিছু নেই। হতাশা মানুষকে বেশি কষ্ট দেয়। বরং, আমি আশা করি তোমরা ভবিষ্যতে আরও ভাল উপায়ে সফল হওয়ার জন্য নিজেকে প্রস্তুত করবে।'

তিনি বলেন, 'তুমি অকৃতকার্য হয়েছ কিন্তু যদি একটু মনোযোগ সহকারে পড়াশোনা কর তবে তুমি ভাল ফলাফল পেতে পার।'

অকৃতকার্য শিক্ষার্থীরা যাতে ভবিষ্যতে ভালো ফলাফল করতে পারে সেদিকে শিক্ষকদের আরও মনোযোগী হতে বলেন এই বীর মুক্তিযোদ্ধা।

পরীক্ষায় উত্তীর্ণদের অভিনন্দন জানিয়ে আব্দুল হাই এমপি তাদের বিশ্বের সাথে তাল মিলিয়ে নিজেদের যোগ্য করে গড়ে তোলার পরামর্শ দেন।

শিক্ষার মান উন্নয়নের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, 'এখন আমাদের শিক্ষার মান আরও উন্নত করতে হবে এবং আমাদের শিশুরা যাতে বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে সে ব্যবস্থা নিতে হবে।'

দক্ষতা অর্জনের প্রয়োজনীয়তা তুলে ধরে আব্দুল হাই এমপি বলেন, 'এরা (ছাত্র) আমাদের ২০৪১ সালের উন্নত বাংলাদেশ এবং স্মার্ট বাংলাদেশের কারিগর। চতুর্থ শিল্প বিপ্লবের (৪ আইআর) কথা মাথায় রেখে আমাদের দক্ষ হতে হবে।'

## ঝিনাইদহে ৩ দিন ব্যাপী প্রাথমিক

রহমান মৃদুল। প্রশিক্ষণ প্রদাণ করেন ঢাকা থেকে আগত সহিদুল ইসলাম ও গৌরব মোদক মির্জা ওয়ার্দাহ আসফা।

## শৈলকুপায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

দেওয়ার কথা বলে ১১০০ টাকা হাতিয়ে নেয়। এতে সোহেল এর অত্যাচারে এলাকাবাসী ক্ষুব্ধ হয়ে উঠে। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা সোহেল কে নিয়ে অভিযানে যায়। এসময় এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে সোহেলকে মারধর করে। মারধরের ভিডিও ধারণ করে সাংবাদিক শাহাদুজ্জামান বাবু, আশরাফুল, রাজীব,শিহাবসহ স্থানীয় সাংবাদিকরা। এতে সোহেল ক্ষুব্ধ হয়ে পরেরদিন বিকেলে হরিণাকুন্ডু চারপাড়া এলাকা থেকে দেশীয় অস্ত্র দা নিয়ে হত্যার উদ্দেশ্য শহিদুজ্জামান বাবুর উপর হামলা করে। এসময় আশপাশের লোক হাতে থাকা দা কেড়ে নিলেও কিল,ঘুষি লাথি মারতে থাকে। সাংবাদিক বাবু ভায়ের কানে চরম আঘাত লাগে। এছাড়া একটা দাঁত ভেঙে যায়। বর্তমানে সাংবাদিক বাবু শৈলকুপা হাসপাতালে ভর্তি রয়েছে।

আহত সাংবাদিক বাবু বলেন, একটি কাজে চরপাড়া বাজারে যায় সেখান থেকে আমার উপর অতর্কিত হামলা চালায় সোহেল। সে সময় তার হাতে দাও ছিলো।স্থানীয়রা না থামালে হয়ত আমাকে মেরেই ফেলত। এই বিষয়ে সোহেলের বক্তব্য জানতে চাইলে তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি।

এবিষয়ে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম বলেন, সাংবাদিক এর উপর হামলার ঘটনা শুনেছি। লিখিত অভিযোগ দিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এঘটনায় ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটি ও শৈলকুপা প্রেসক্লাব পক্ষ থেকে প্রতিবাদ জানানিয়েছেন। সেই সাথে মাদক ব্যবসায়ী, মাদকসেবনকারী চাঁদাবাজ সোহেল কে গ্রেফতারের দাবী জানান সাংবাদিকবৃন্দ।

## ডিবি কার্যালয়ে গয়েশ্বরকে

ও পুলিশের মাঝে পড়ে যান গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বিএনপি কর্মীদের ছোড়া ইটের আঘাতে আহত হয়েছেন। তাকে সেভ করতেই মূলত ডিবিতে নিয়ে আসা হয়।

এদিকে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী, শনিবার রাজধানীর নয়াবাজার (বাবুবাজার ব্রিজের প্রবেশ মুখ) মোড়ে অবস্থান নেওয়ার কথা ছিলো বিএনপির। তবে এর বদলে বেলা ১১টার দিকে ধোলাইখাল মোড়ে অবস্থান নেন দলটির নেতাকর্মীরা।

বেলা সাড়ে ১১টার দিকে পুলিশের সঙ্গে বিএনপি নেতাকর্মীদের সংঘর্ষ বাধে। এক পর্যায়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাঁদানে গ্যাস ছোড়ে পুলিশ। জবাবে ইটপাটকেল ছোড়েন অবস্থানকারীরা।

সেখান থেকে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়কে নিয়ে যান গোয়েন্দা পুলিশের সদস্যরা। শুক্রবার নয়াপল্টনের মহাসমাবেশ থেকে অবস্থান কর্মসূচির ঘোষণা দেয় বিএনপি। এরপর শান্তি সমাবেশের ঘোষণা দেয় আওয়ামী লীগও। তবে রাজনৈতিক দলগুলোর অবস্থান কর্মসূচি পালনের অনুমতি দেয়নি ডিএমপি। রাতে ডিএমপির গণমাধ্যম বিভাগ থেকে পাঠানো এসএমএসে ডিএমপি কমিশনারকে উদ্ধৃত করে এ কথা জানানো হয়।

এরপর আওয়ামী লীগ কর্মসূচি থেকে সরে এসে ওয়ার্ডে ওয়ার্ডে সতর্ক অবস্থানের ঘোষণা দেয়। কিন্তু শনিবার সকাল থেকেই সড়কে অবস্থানের চেষ্টা করে বিএনপি। লাঠিসোঁটা হাতে সড়কে নামেন দলটির নেতাকর্মীরা।

## খুলনাসহ ৮ অঞ্চলে ঝোড়ো হাওয়া

পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে দক্ষিণ বা দক্ষিণ-পূর্বদিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি বা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

শুক্রবার (২৮ জুলাই) রাতে আবহাওয়ার সবশেষ পূর্বাভাসে বলা হয়েছে, ৪৮ ঘণ্টায় বৃষ্টিপাতের প্রবণতা বাড়তে পারে।

## পরীক্ষায় ফেল করে

হওয়ার কথা জানায়। এ নিয়ে সে সারাদিন কারও সাথে কোনো কথা বলেনি বলেও জানান তার বাবা। শিক্ষার্থী আসিফের বাবা খয়বার আলী জানান, পরীক্ষার ফলাফল ঘোষনার পর বাড়ি ফিরে সে কারও সাথে কোনো কথা বলেনি। মন খারাপ করে সারাদিন বাড়িতেই ছিল। সন্ধ্যার পর সে বাড়ি থেকে বের হয়ে যায়। আর ফিরে আসেনি।

হরিণাকুণ্ডু থানার ওসি আবু আজিফ জানান, খবর পেয়ে সকালে ঘটনাস্থল থেকে গাছের সাথে ঝুলন্ত অবস্থায় ওই শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করা হয়। পরে ময়নাতদন্তের পর তার লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

## কালীগঞ্জে গভীর রাতে ব্যবসা

বোল্ড ভাঙ্গা। আমার অফিস রুমের জানালার গ্রিল কেটে অফিসের সকল কাগজ পত্র এলোমেলো করে ছড়িয়ে ছিটিয়ে রেখেছে। আপাতত আমার ১০ কার্টুন সয়াবিন তেল ও কয়েকটা দুধের কার্টুন নিয়ে গেছে সেটা বুঝতে পারছি। আরো কিছু নিয়েছে কিনা ষ্টক না মেলালে বুঝতে পারছিনা।

স্থানীয় ব্যবসায়ী শংকর সাহা জানান ২/৩ মাস আগেও একবার এই অফিসে চুরি হয়েছিল। তখন ল্যাপটপ ও নগদ টাকা নিয়ে গিয়েছিলো। কিছু দিন যেতে না যেতে আবার চুরি এটা খুবই দুঃখজনক।

এ ব্যাপারে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবার রহমান মিনে বলেন, চুরির বিষয়ে আমাকে কেউ জানায়নি। যাদের প্রতিষ্ঠানে চুরি হয়েছে তারা আমাদের একটু জানাতে পারতো। আমি এখনই পুলিশ পাঠাচ্ছি।

## বাগেরহাটে গাছ কেটে সীমানা প্রাচীর

ভেঙ্গে ২ লক্ষ টাকার ক্ষতি করে এবং বেশকিছু গাছ কেটে ফেলে। এসময় মোঃ এসকেন্দার আলী'র চাচা নওশের আলী পাইক বাধা প্রদান করলে তারা তাকে খুন জখমের হুমকি দেয়। বিষয়টি ৯৯৯ এ কল করে জানালে পুলিশ ঘটনাস্থলে এসে জাহিদুল কবির টুকু পাইক, মুরাদ খান এবং কবির শেখকে আটক করে থানায় নিয়ে যায়। পরবর্তীতে খবর পেয়ে মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবির বাড়িতে আসেন। ২৩ জুলাই জাহিদুল কবির টুকুর নেতৃত্বে আবারও ওই জমি দখলের চেষ্টা করে। তখন বাঁধা দিলে জাহিদুল কবির টুকুসহ অন্যরা মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবিরকে মারধর করে। এদিনও বেশকিছু গাছ কেটে অন্তত ৭২ হাজার টাকার ক্ষতি করে জাহিদুল কবির টুকু ও তার লোকজন।

ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী বলেন, পৈত্রিক সূত্রে প্রাপ্ত জমি আমার শান্তিপূর্ণভাবেই ভোগ দখল করে আসছি। জাহিদুল কবির টুকু ও তার লোকজন আমাদের জমি জোরপূর্বক দখল করার জন্য পায়তারা করছে। তারা আদালতে একটি ১৪৪ ধারার আবেদনও করেছিল। আদালত তাদেরকে দেওয়ানি মামলা করতে বলেছেন, এরপরেও তারা জোরপূর্বক আমাদের জমি দখলের চেষ্টা করে। আমাদেরকে মারধর করেছে। সীমানা প্রাচীর ভেঙ্গে ফেলেছে এবং গাছ কেটে আমার বিপুল অংকের টাকার ক্ষতিসাধাণ করেছে। তিনি আরো বলেন , আলাউদ্দিন বাচ্চু সেনা সদস্য হওয়ায় সে নিজের প্রভাব খাটিয়ে প্রায়ই আমাদের হুমকি ধামকি ও মারথর করে । এখন সে জামিনে বের হয়ে আবারো আমাদের হুমকি ধামকি দিয়ে যাচ্ছে। আমি এর সঠিক বিচার চাই।

এবিষয়ে কথা বলার জন্য জাহিদুল কবির টুকুকে বারবার ফোন করা হলেও, তার ফোনটি বন্ধ পাওয়া যায়। তবে ওই জমি নিজেদের দাবি করে জাহিদুল কবির টুকু পাইকের স্ত্রী মনিরা আক্তার বলেন, জমিটি এক সময় সুলতান আলীর ছেলেরা ওয়াল নির্মাণ করে, গাছ লাগিয়ে খড়কুটো রেখে ভোগ দখল করতো। এই জমি এখন আমাদের তাই আমরা দখলে নিয়েছি।

বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম আজিজুল ইসলাম বলেন, একটি মামলা হয়েছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শণ করেছে। আসামীদের গ্রেপ্তার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

## সাতক্ষীরায় ট্রাকের চাকায় পিষ্ট

যাচ্ছিল। পতিমধ্যে সকাল ৮টার দিকে সদর উপজেলাধীন সাতক্ষীরা-যশোর সড়কের ঝাউডাঙ্গা বাজারের উত্তর পাশে রাধাগোবিন্দ মন্দিরের সমানে পৌছালে রাস্তার পাশে দাঁড়ানো একজন মানষিক প্রতিবন্ধি তার দিকে একটি লাঠি উচালে তিনি মোটরসাইকেলে ডান দিকে সরিয়ে নেয়ার চেষ্টা করেন। ঠিক এসময় পিছন দিক থেকে আসা দ্রুত গতির একটি ডাম্পার ট্রাক তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ট্রাকের চাকায় তার মাথা পিষ্ট হয়ে ঘটনাস্থলে নিহত হন তিনি। খবর পেয়ে সাতক্ষীরা থেকে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্ধার করে। পরে পুলিশ এসে মরদেহ ময়নাতদন্তের জন্য সাতক্ষীরা সদর হাসপাতালে নিয়ে যায়। সাতক্ষীরা সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ নজরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পুলিশ ঘাতক ডাম্পার ট্রাকটি আটকের চেষ্টা চালিয়ে যাচ্ছে।

## ছাত্রলীগের কেন্দ্রীয় সহ-সভাপতি

পালন করেন। খন্দকার হাবিব আহসান, স্কুল জীবন থেকে বাংলাদেশ ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ভূমিকা পালন করেন। প্রথম যাত্রা শুরু হয়েছিল ছোট বয়স থেকে অত্যান্ত দুরন্ত প্রকৃতির খেলাধুলা ও সামাজিক সকল কর্মকান্ড ও মিছিল মিটিং এ তাহার ছিল সরব অংশগ্রহন।

বিগত ২০২২ সালে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের উপ বিজ্ঞান বিষয়ক সম্পাদক ছিলেন। তিনি করনাকালীন সময় এলাকায় সকল প্রকার সাহায্য সহযোগিতা করে সাধারণ মানুষের পাশে ছিলেন। এছাড়া এলাকা সহ যে কোন দুস্থ-অসহয় মানুষের জন্য তিনি আন্তরিকভাবে কাজ করেন এবং আসহায় ও দুঃস্থ মানুষের বিপদে তিনি পাশে থেকে কাজ করেছেন।

খন্দকার হাবিব আহসান এর বাবা খন্দকার রবিউল ইসলাম পেশায় একজন শিক্ষক। বসবাস কালীগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ডের বনানী পাড়া এলাকায়।

খন্দকার হাবিব আহসান তার এই পদ প্রাপ্তির বিষয়ে বলেন, শুরুতে শ্রদ্ধা নিবেদন করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, মহাবিজয়ের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি।

বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের প্রকাশিত পূর্নাঙ্গ কমিটি প্রকাশ হওয়ায়, ধন্যবাদ জানাচ্ছি ইতিহাসের রোল মডেল,স্মার্ট বাংলাদেশ এর রুপকার দেশরত্ম মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে। সেই সাথে ধন্যবাদ জানাই বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান ভাইকে-যারা আমাকে ৩০১ সদস্য বিশিষ্ট এই কমিটিতে সহ-সভাপতি হিসাবে নির্বাচিত করেছেন।

আমি পদের জন্য রাজনীতি কখনও করিনি করবও না। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে বুকে ধারন করে কাজ করতে চাই। গরীব অসহায় ছাত্রদের পাশে থেকে এবং অধিকার আদায়ে পাশে ছিলাম থাকব। আমার উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করার চেষ্টা করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে ধারণ করে জননেত্রী দেশরত্ম শেখ হাসিনার ভিশন-৪১ বাস্তবায়নে পরিকল্পিত উন্নয়ন-আধুনিক আত্মনির্ভরশীল "স্মার্ট বাংলাদেশ" গড়ার জন্য কাজ করতে চাই। এছাড়াও আগামী জাতীয় সংসদ নির্বাচনে নৌকার বিজয় নিশ্চিত করতে নিজের সর্বোচ্চ মেধা ও যোগ্যতা দিয়ে কাজ করে যাব ।

## ডেঙ্গুতে ১০ জনের মৃত্যু হাসপাতালে

শুক্রবার (২৮ জুলাই) সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন দুই হাজার ২০২ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা এক হাজার ১৪৩ জন ও ঢাকার বাইরের এক হাজার ৫৯ জন।

চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৯ জুলাই পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৪৬ হাজার ৪০৭ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ২৬ হাজার ৮৪৮ জন। ঢাকার বাইরের হাসপাতালগুলোতে ভর্তি হয়েছেন ১৯ হাজার ৫৫৯ জন। একই সময়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ৩৭ হাজার ২০৭ জন। তাদের মধ্যে ঢাকার বাসিন্দা ২১ হাজার ৫৬০ জন এবং ঢাকার বাইরের ১৫ হাজার ৬৪৭ জন।

## পাইকগাছায় অধ্যক্ষের ঘুষিতে

হন। একপর্যায়ে একটি ঘুষি তার নাকে লাগলে মূহুর্তেই নাক ফেঁটে ব্যাপক রক্তক্ষরণ শুরু হয়।

এর কিছুক্ষণ পর সহকর্মীসহ উপস্থিত সংবাদকর্মীরা তাকে চিকিৎসার জন্য প্রথমে কপিলমুনি হাসপাতালে নিলে সেখানে ডাক্তার না থাকায় পাইকগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন রয়েছেন।

প্রভাষক আল-আমিন আরো বলেন, ২০২২ সালের ১ ফেব্রুয়ারী মাদ্রাসায় যোগদানের আগে থেকে প্রিন্সিপাল তার কাছে ৫০ হাজার টাকা দাবি করে আসছেন। এছাড়া তিনি তার সাথে আত্মীয়তার প্রস্তাবে ব্যর্থ হয়ে সেই প্রথম থেকেই ছোট-খাট নানা বিষয় নিয়ে মানসিকভাবে লাঞ্ছিত ও চাকুরি থেকে তাড়াতে নানাবিধ হুমকি-ধামকি দিয়ে আসছিলেন।

সর্বশেষ বৃহস্পতিবার দুপুরে তাকে ক্লাস থেকে ডেকে নিয়ে এলোপাতাড়ি চড়, কিল, ঘুষিতে তার নাক ফাঁটিয়েছেন।

এদিকে প্রভাষক আল-আমিন পার্শ্ববর্তী কাশিমনগর বাজার জামে মসজিদের খতিব। তার আক্রান্তের খবরে মসজিদ কমিটির সাধারণ সম্পাদক শেখ কবিরুল ইসলামসহ মুসল্লিরা মাদ্রাসায় উপস্থিত হয়ে ঘটনায় বিচার দাবি করেন। এসময় শেখ কবিরুল ইসলাম বলেন, বিষয়টি দু:খজনক। তিনি এর বিচার দাবি করেন।

এ বিষয়ে মাদ্রাসার শিক্ষক মুজিবুর রহমান বলেন, ঘটনায় তিনি হতবাক হয়েছেন। তারা সেখানে চাকরি করতে গেছেন, মার খেতে যাননি বলেও মন্তব্য করেন।

নাম প্রকাশ না করার শর্তে একাধিক শিক্ষক-কর্মচারী অভিযোগ করে বলেন, তিনি কারণে-অকারণে বিভিন্ন সময় শিক্ষক-কর্মচারীদের সাথে খারাপ আচরণ করেন।

প্রসঙ্গত, ইতোপূর্বে তার বিরুদ্ধে নানা দূর্নীতি-অনিয়মের পাশাপাশি মাদ্রাসা টাইমে মাদ্রাসা চত্বরে চেম্বার নিয়ে কবিরাজি, হেকিমি ব্যবসার অন্তরালে মহিলা রোগীদের সাথে অসদাচারণসহ বহুবিধ অভিযোগে বিভিন্ন মিডিয়ায় খবর প্রচার হয়।

সর্বশেষ ঘটনায় অধ্যক্ষ মাওঃ আবদুস সাত্তার বলেন, অভিভাবকের অভিযোগ পেয়ে আমার মাথা ঠিক ছিল না, অসাবধানতাবশত তার নাকে লেগে যাওয়ায় রক্তক্ষরণ হয়েছে এর জন্য ভুল স্বীকার করেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা নিতিশ চন্দ্র গোলদার বলেন, নাকের আঘাতটা ভারী ও রোগী আসতে বিলম্ব হওয়ায় রক্তক্ষরণ বন্ধ হতে সময় নিচ্ছে। তবে তিনি অনেকটাই আশংকামুক্ত বলে সাংবাদিকদের জানান তিনি।

উপজেলা নির্বাহী অফিসার মমতাজ বেগম জানান, বিষটি তিনি শুনেছেন, আগে চিকিৎসা নিতে বলেছেন বলেও জানান তিনি

## কালীগঞ্জে দুগ্ধ সমবায়ের

জাহানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সমবায় অধিদপ্তরের খুলনা বিভাগীয় যুগ্মনিবন্ধক মো: মিজানুর রহমান, প্রকল্প পরিচালক ও সমবায় অধিদপ্তর ঢাকা যুগ্মনিবন্ধক মো: মশিউর রহমান, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, ঝিনাইদহ জেলা সমবায় অফিসার মো: জাফর ইকবাল, নড়াইল জেলা সমবায় অফিসার মো: আসলাম আলী ভুইয়া, কালীগঞ্জ উপজেলা সমবায় অফিসার আসাদুজ্জামান , রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপু, নিয়ামতপুর ইউনিয়নের চেয়ারম্যান রাজু আহমেদ রনি প্রমুখ। সমবায় অধিদপ্তর কর্তৃক বাংলাদেশের দুইটি জেলায় পাইলট প্রকল্প হিসেবে দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প হাতে নিয়েছে। এর আওতায় সমিতির সদস্যদের মাঝে উন্নত জাতের গাভী গরু ক্রয়ের জন্য ঋণ প্রদান করছে। এর আলোকে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার নিয়ামতপুর ইউনিয়নে বেগবতি দুগ্ধ সমবায় সমিতি এবং রায়গ্রাম ইউনিয়নের চিত্রা দুগ্ধ সমবায় সমিতির ৫০জন সদস্যকে প্রথম পর্যায়ে ১ লাখ ৬০ হাজার টাকার চেক প্রদান করা হয়। পরে আরো ৪০ হাজার টাকা করে ঋণ দেওয়া হবে।

## পুলিশের গাড়ি ভাঙচুর, বাসে আগুন

বিএনপির কর্মসূচি ঘিরে সকাল থেকেই রাজধানীর প্রবেশমুখগুলোতে সতর্ক অবস্থান নেয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। অপ্রীতিকর ঘটনা এড়াতে ব্যাপক সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন করা হয়। প্রিজন ভ্যান, এপিসি, জলকামানসহ নানা প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিয়ে কঠোর অবস্থানে রয়েছেন তারা।

ঢাকার প্রবেশমুখে বিএনপির অবস্থান কর্মসূচিকে কেন্দ্র করে রাজধানীর বিভি-ন্ন স্থানে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বিশেষ করে রাজধানীর মাতুয়াইল আর ধোলাইখাল রীতিমতো রণক্ষেত্রে পরিণত হয়। এসব এলাকায় দফায় দফায় সংঘর্ষ হয় এবং বেশ কয়েকটি বাসে আগুন দেওয়া হয়।

এ বিষয়ে ঢাকা মহানগর পুলিশের ওয়ারী বিভাগের উপকমিশনার (ডিসি) জিয়াউল আহসান তালুকদার সাংবাদিকদের বলেন, যাত্রাবাড়ী মাতুয়াইল এলাকার পরিস্থিতি খুব বেশি ভালো না, আমরা নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছি। বিএনপি নেতাকর্মীরা বেরিয়ে এসে আগুন দিচ্ছে। এখন পর্যন্ত তারা সাত-আটটি গাড়িতে আগুন দিয়েছে।

**'মোটরসাইকেলে তিনজন এলো বাসে আগুন দিয়ে চলে গেল'**

ঢাকার প্রবেশমুখে বিএনপির অবস্থান কর্মসূচিকে কেন্দ্র করে রাজধানীর বিভি-ন্ন স্থানে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বিশেষ করে রাজধানীর মাতুয়াইল আর ধোলাইখাল রীতিমতো রণক্ষেত্রে পরিণত হয়। এসব এলাকায় দফায় দফায় সংঘর্ষ হয় এবং বেশ কয়েকটি বাসে আগুন দেওয়া হয়।

এ বিষয়ে ঢাকা মহানগর পুলিশের ওয়ারী বিভাগের উপকমিশনার (ডিসি) জিয়াউল আহসান তালুকদার সাংবাদিকদের বলেন, যাত্রাবাড়ী মাতুয়াইল এলাকার পরিস্থিতি খুব বেশি ভালো না, আমরা নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছি। বিএনপি নেতাকর্মীরা বেরিয়ে এসে আগুন দিচ্ছে। এখন পর্যন্ত তারা সাত-আটটি গাড়িতে আগুন দিয়েছে।

তবে এসব আগুনের ঘটনার অন্তত একটি পুলিশের সামনেই ঘটেছে বলে দাবি করেন ওই বাসটির চালক। তিশা পরিবহনের চালক মো. সানাউল্লাহ বলেন, হঠাৎ করে মোটরসাইকেলে তিনজন আসল। দুজন গাড়ির ভেতরে ঢুকে আমাকে টেনেহিঁচড়ে নামিয়ে দিল। এরপর পেট্রল ঢেলে ভেতরে আগুন ধরিয়ে দিল। আশপাশে তো পুলিশও ছিল। আমি জানের ভয়ে দূরে সরে গেছি।

তবে এসব আগুনের ঘটনার অন্তত একটি পুলিশের সামনেই ঘটেছে বলে দাবি করেন ওই বাসটির চালক। তিশা পরিবহনের চালক মো. সানাউল্লাহ বলেন, হঠাৎ করে মোটরসাইকেলে তিনজন আসল। দুজন গাড়ির ভেতরে ঢুকে আমাকে টেনেহিঁচড়ে নামিয়ে দিল। এরপর পেট্রল ঢেলে ভেতরে আগুন ধরিয়ে দিল। আশপাশে তো পুলিশও ছিল। আমি জানের ভয়ে দূরে সরে গেছি।

**শ্যামলীতে পুলিশের গাড়ি ভাঙচুর, বাসে আগুন**

অন্যদিকে, রাজধানী শ্যামলী এলাকায় পুলিশের গাড়িসহ বাসে আগুন ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। শনিবার (২৯ জুলাই) দুপুর ১টার দিকে এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, হঠাৎ বেশ কয়েকজন এসে পুলিশের গাড়ি লক্ষ্য করে হামলা চালায়। ভাঙচুর করে ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

ঘটনাস্থলে উপস্থিত অতিরিক্ত জেলা প্রশাসক রুবাইয়াত জামান জানান, প্রায় ৩০০ বিএনপি নেতাকর্মী মিছিল নিয়ে এসে বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর ও আগুন দেয়।

## জিজ্ঞাসাবাদ শেষে ছেড়ে দেওয়া

করবে। যারা এসব ঘটনায় জড়িত তাদের দ্রুত আইনের আওতায় আনা হবে। আজ বিএনপির পুলিশের ওপর হামলা গাড়ি ভাঙচুর করেছে। তৃণমূলের জানমাল নষ্ট করেছে তাদের দ্রুত চিহ্নিত করে ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে শনিবার রাজধানীর যাত্রাবাড়ীর মাতুয়াইলে অবস্থান কর্মসূচির সময় বিএনপির নেতাকর্মীদের সঙ্গে পুলিশের সংঘর্ষে আহত হন গয়েশ্বর চন্দ্র রায়। এরপর তাকে জিজ্ঞাসাবাদের জন্য ডিবি কার্যালয়ে নেওয়া হয়।

## বিএনপির ৯০ নেতাকর্মী আটক

দেওয়া হয়নি। যেহেতু ডিএমপি তাদের অনুমতি দেয়নি, সেহেতু এই কর্মসূচি ছিল বেআইনি। তারপরও তারা ঢাকা শহরের বিভিন্ন পয়েন্টে অবস্থান নিয়ে ঢাকাকে বিচ্ছিন্ন করার চেষ্টা করে, গাড়িতে আগুন দেয়, ককটেল নিক্ষেপ করে এবং পুলিশের ওপর হামলা করে।

ডিএমপির এই কর্মকর্তা বলেন, বিএনপির হামলায় ডিএমপির একজন যুগ্ম-কমিশনার, দুইজন কর্মকর্তাসহ অন্তত ২০ পুলিশ সদস্য আহত হয়েছেন। এ অবস্থায় তাদের থামাতে পুলিশ রাবার বুলেট ছুড়ে তাদের ছত্রভঙ্গ করে এবং যারা গাড়ি ভাঙচুর করেছে তাদের সরিয়ে দেয়। এ সময়ও তারা পুলিশের ওপর হামলা করে।

তিনি বলেন, বিএনপি নেতাকর্মীরা পুলিশের প্রায় ৮-১০টি গাড়ি এবং ২০টি গণপরিবহনে ভাঙচুর চালায়। এসব ঘটনার পরিপ্রেক্ষিতে সকাল থেকে বিএনপির প্রায় ৯০ নেতাকর্মীকে আটক করা হয়েছে।

এর আগে গতকাল শুক্রবার নয়াপল্টনে মহাসমাবেশ থেকে আজ শনিবারের অবস্থান কর্মসূচির ঘোষণা দিয়েছিল বিএনপি।

শনিবার সকাল থেকে রাজধানীর প্রবেশমুখ গাবতলী, উত্তরা, যাত্রাবাড়িতে অবস্থান নেয় বিএনপি। তাদের প্রতিহত করতে এসব স্থানে আওয়ামী লীগের নেতাকর্মীরাও অবস্থান নেন।

উভয় দলের পাল্টাপাল্টি কর্মসূচি ঘিরে রাজধানীর বিভিন্ন পয়েন্টে সকাল থেকেই অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

## অবস্থান কর্মসূচি স্থগিত করল

শান্তি সমাবেশের কর্মসূচি ঘোষণা দিয়েছে। উল্লেখ্য, শুক্রবার দুপুরে নয়াপল্টনে আয়োজিত মহাসমাবেশ থেকে শনিবার রাজধানীর প্রবেশমুখগুলোতে অবস্থান কর্মসূচি ঘোষণা দেয় বিএনপি। পাল্টা কর্মসূচি হিসেবে রাজধানীর প্রবেশমুখগুলোতে শান্তি সমাবেশ কর্মসূচি ঘোষণা করে আওয়ামী লীগ।

এদিকে দুই দলের পাল্টাপাল্টি অবস্থান কর্মসূচি ঘোষণার পরিপ্রেক্ষিতে রাতে ডিএমপির পক্ষ থেকে গণমাধ্যমে একটি বার্তা পাঠানো হয়। এতে দুই দলকেই অবস্থান কর্মসূচির অনুমতি না দেওয়ার বিষয়টি জানান ডিএমপি কমিশনার খন্দকার গোলাম ফারুক।

## খাবার-ফল-জুস নিয়ে আমানকে

পালনের অনুমতি দেয়নি।

আমানের নেতৃত্বে বিএনপির একদল নেতা-কর্মী গাবতলীতে অবস্থান নিলে পুলিশ তাদের বাধা দেয়। পুলিশ আমানকে আটক করত চাইলে নেতা-কর্মীদের বাধার মুখে পড়ে। ধস্তাধস্তির সময় আমান সড়কে শুয়ে পড়েন।

ঢাকার গাবতলীতে শনিবার সকালে অবস্থান কর্মসূচি পালনে যাওয়া বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা পরিষদের সদস্য এবং ঢাকা মহানগর উত্তরের সভাপতি আমানউল্লাহ আমানকে পুলিশ আটক করতে গেলে বাধা দেন দলের নারীকর্মীরা, তবে তারা ব্যর্থ হন।

এক পর্যায়ে সঙ্গে নেতা-কর্মীদের হটিয়ে দিয়ে পুলিশ সদস্যরা আমানকে ধরে তাদের গাড়িতে তুলে নিয়ে যায়। পরে তাকে হাসপাতালে নেওয়া হয়।

দুপুরে প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব এম এম ইমরুল কায়েস রানা জানান, ডাকসুর সাবেক ভিপি আমানকে দেখতে প্রধানমন্ত্রী তার সহকারী একান্ত সচিব গাজী হাফিজুর রহমান লিকুকে হাসপাতালে পাঠাচ্ছেন।

দুপুরের পর গাজী হাফিজুর জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে প্রধানমন্ত্রীর উপহার খাবার-ফল-জুস নিয়ে যান আমানকে দেখতে।

বিএনপি নেতাকে দেখে এসে তিনি সাংবাদিকদের বলেন, "প্রধানমন্ত্রী মানবতার মা। তিনি আমান ভাইর উন্নত চিকিৎসার জন্য যা যা করার প্রয়োজন, সে বিষয়ে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। উন্নত চিকিৎসার জন্য আমানউল্লাহ আমান পছন্দের যে কোনো জায়গায় যেতে পারেন।

"রাজনীতির বাইরেও আমাদের মাঝে একটা মানবিক সম্পর্ক রয়েছে। প্রধানমন্ত্রী তার জন্য ফল ও খাবার পাঠিয়েছেন। জনাব আমানউল্লাহ প্রধানমন্ত্রীর এসকল উপহার গ্রহণ করেন এবং মানবতা ও রাজনৈতিক শিষ্টাচারের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।"

## খুলনার সিভিল সার্জন ডা. সুজাত

আসার পর ওএসডি হয়েছেন খুলনার বর্তমান সিভিল সার্জন ডা. সুজাত আহমেদ। তাঁকে মহাখালী স্বাস্থ্য অধিদপ্তরে সংযুক্ত করা হয়েছে।

এদিকে খুলনার নতুন সিভিল সার্জন হিসেবে নিয়োগ পেয়েছেন সাতক্ষীরার সিভিল সার্জন ডা. মো. সবিজুর রহমান। সিনিয়র সহকারী সচিব মো. আলমগীর কবীর সাক্ষরিত এক চিঠিতে বৃহস্পতিবার এ তথ্য জানানো BIM এর আগে বৃহস্পতিবার (২৭ জুলাই) মামলার তদন্ত কর্মকর্তা দুদকের খুলনা বিভাগীয় কার্যালয়ের উপ-সহকারী পরিচালক খন্দকার কামরুজ্জামান খুলনার বর্তমান সিভিল সার্জন ডা. সুজাত আহমেদ ও সাবেক সিভিল সার্জন ডা: নিয়াজ মোহাম্মদসহ ৬ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল হয়েছে।

## আশুরার দিনে কারবালায়

হজরত ইমাম হুসাইন (আ.)-এর রওজার কাছে একটি সরু গলিতে আগুন ছড়িয়ে পড়েছিল।

জরুরি পরিষেবা সংস্থা এক বিবৃতিতে বলেছে, প্রাথমিক প্রতিবেদনে জানা গেছে শিয়া ভক্তদের জন্য স্থাপিত একটি বিশ্রাম তাঁবুর রান্না ঘরের গ্যাসের বোতল থেকে আগুনের সূত্রপাত ঘটে। পরে তা পাশের একটি বাজারে ছড়িয়ে পড়ে।

ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। যদিও তীর্থযাত্রীদের ভিড়ের মধ্যে ফায়ার ট্রাকগুলোর চলাচলে অসুবিধার সম্মুখীন হয়।

পবিত্র আশুরা কারবালা ময়দানে সপ্তম শতাব্দীর যুদ্ধে ইসলাম ধর্মের সর্বশেষ নবী হযরত মোহাম্মাদ (সা.)-এর দৌহিত্র ইমাম হুসাইন (আ.)-এর শাহাদৎ বরণের স্মৃতি স্মরণ করিয়ে দেয়।

## রাজধানীতে তাজিয়া মিছিল

তাজিয়া মিছিল হোসেনি দালান থেকে যাত্রা করে। কালো পোশাক পরে অংশগ্রহণকারী অনুসারীরা মিছিল নিয়ে এগিয়ে চলেন। নানা বয়সী মানুষ মিছিলে অংশ নিয়ে 'হায় হোসেন, হায় হোসেন' বলে শোকের মাতমে শরিক হয়েছেন।

তাজিয়া মিছিলের নিরাপত্তায় ছিল বাড়তি পুলিশ। পুলিশি পাহারায় মিছিলটি হোসেনি দালান থেকে ধানমন্ডি লেকে গিয়ে শেষ হয়।

তাজিয়া মিছিলের ইমাম হোসেনের সমাধির আদলে প্রতীকী সমাধিও বহন করতে দেখা গেছে। ছোট-বড় এসব প্রতীকী সমাধিতে অনেকেই বিভিন্ন নিয়তে টাকাপয়সা দান করছেন। কেউ কেউ কবুতর, মুরগি, হাঁস দান করেন। মোহাম্মপুর থেকে আসা জামাল আহমাদ জানান, সন্তানের সুস্থতার জন্য তিনি মুরগি দান করেছেন।

মিছিলে লম্বা বাঁশের মাথায় নানা রকম পতাকা বহন করা হয়। নিরাপত্তার স্বার্থে ছুরি বহন না করতে পুলিশের অনুরোধ থাকলেও অনেকেই তা মানেননি। নিজের দেহে ছুরি দিয়ে আঘাত করে রক্ত ঝরিয়ে মাতম করেছেন অনেকেই। কারবালার রক্তাক্ত স্মৃতি স্মরণে নিজেকে রক্তাক্ত করে তাজিয়া মিছিলের রেওয়াজ দীর্ঘদিনের।

মিছিলে অংশ নেওয়ার পাশাপাশি অনেকেই মিছিল দেখতে এসেছেন। মিছিলে অংশ নিয়েছে দুটি ঘোড়া। একটি ঘোড়ার পা দুধ দিয়ে ধুয়ে দিয়েছেন ভক্তরা। আবার ঘোড়ার পায়ে দেওয়া দুধ অনেকেই নানা নিয়তে পান করছেন, কেউবা শরীরে মাখছেন।

## সরকার বিচারকদের পেশাগত

কেন্দ্রে অনুষ্ঠিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এসোসিয়েশন কর্তৃক প্রদত্ত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে প্রত্যেক নাগরিকের সমান অধিকার এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকার নিশ্চিত করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, সরকার বিচার বিভাগের স্বাধীনতায় দৃঢ়ভাবে বিশ্বাস করে এবং বিচারকদের পেশাগত সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেয়া সংবিধানের আলোকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকা সর্বক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠার জন্য নিরলস কাজ করে যাচ্ছে। রাষ্ট্রপতি বিচারকদের উদ্দেশ্যে বলেন, আজ সর্বক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠিত হয়েছে এবং বিচারকরা বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে স্বাধীনতা ভোগ করছেন। তিনি বলেন, এ অবস্থায় আসতে অনেক পথ পাড়ি দিতে হয়েছে।

## ফখরুলকে গালি দিয়ে তারেক

হতবিহ্বল হয়ে পরেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীরের চেহারা মুহুর্তেই ফ্যাঁকাসে হয়ে যায়। তারেক জিয়া নির্দেশ দেয় যে, এভাবে আন্দোলনের কর্মসূচি হবে না। এভাবে কর্মসূচি করে সরকারের পতন ঘটানো যাবে না। দরকার আক্রমণাত্মক কর্মসূচির। আমার দরকার লাশ।

তারেক জিয়া এই ধরণের বক্তব্যের পর জানিয়ে দেন যে, আগামীকাল তিনি দেশকে সহিংস দেখতে চান, জ্বালাও পোড়াও দেখতে চান। রাজপথে যেন আগুন ঝড়ে। আর তারই ফলশ্রুতিতে রাজধানীর বিভিন্ন প্রবেশমুখে বিএনপির মারমুখি চেহারা লক্ষ্য করা যায়। তারেক জিয়া মির্জা ফখরুল ইসলামকে গালি দিয়েই ক্ষান্ত হননি। তিনি বিভিন্ন স্থানীয় পর্যায়ের নেতা যারা তার একান্ত অনুগত, তাদেরকে নির্দেশ দেন, তারা যেন বিভিন্ন প্রবেশমুখে অবস্থা নেয় এবং একটি সহিংস পরিস্থিতি তৈরি করে। তারেক জিয়া অন্তত পাঁচজন বিএনপি নেতাকে টেলিফোন করেন এবং আগামীকাল কিছু একটা ঘটানো জন্য অন্তত কিছু লাশ ফালানোর জন্য নির্দেশনা প্রদান করেন। এর প্রেক্ষিতেই আজকের সহিংস ঘটনা ঘটেছে বলে বিএনপির একাধিক সূত্র নিশ্চিত করেছে। গতকাল তারেক জিয়ার ফোনের ব্যাপারে নিশ্চিত করেছেন বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য। তিনি বলেছেন একজন রাজনৈতিক নেতা এত নিম্নমানের এবং নোংরা ভাষায় কথা বলতে পারেন তা না শুনলে বিশ্বাস করা যায় না। বিএনপি যেভাবে শান্তিপূর্ণ কর্মসূচি পালন করছিল তাতে জনগণের মধ্যে যেমন একটি অবস্থান হচ্ছিল তেমনি আন্তর্জাতিক মহলেও বিএনপির প্রতি ইতিবাচক মনোভাব দেখা যাচ্ছিল।



# মুসলিম উপাচার্যকে দলের ভাইস প্রেসিডেন্ট বানাল বিজেপি

**আন্তর্জাতিক ডেস্ক :** বিখ্যাত আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য তারিক মনসুরকে দলের ভাইস প্রেসিডেন্টের পদ দিয়েছে ভারতের ক্ষমতাসীন দল বিজেপি। পিছিয়ে পড়া মুসলিম জনগোষ্ঠীর সঙ্গে সম্পর্ক বাড়ানোর অংশ হিসেবে তারিককে এই পদ দিয়েছে হিন্দুত্ববাদী দলটি।

তারিক মনসুর উপাচার্য থাকাকালীন ২০১৯ সালে বিশ্ববিদ্যালয়ে এনআরসি এবং সিএএ বিরোধী বিক্ষোভ শুরু হয়েছিল। যা থামাতে ভূমিকা রেখেছিলেন তিনি। পরবর্তীতে তিনি বিজেপির ভাতৃপ্রতীম সংগঠন আরএসএসের সঙ্গেও কাজ করেন। ভালো সম্পর্ক থাকায় উত্তরপ্রদেশের আইন পরিষদের উচ্চকক্ষে তারিককে মনোনয়ন দেয় বিজেপি। পরবর্তীতে সেখান থেকে নির্বাচিত হন তিনি। গত কয়েক বছরের মধ্যে তারিক মনসুর চতুর্থ মুসলিম ব্যক্তি হিসেবে বিজেপির মনোনয়ন পেয়েছিলেন।

এছাড়া হিন্দু ও মুসলিমদের মধ্যে ভ্রাতৃপ্রতীম সম্পর্ক স্থাপনে আরএসএসের প্রজেক্টেও সক্রিয় ভূমিকা রেখেছেন তিনি।

পেশায় চিকিৎসক তারিক মনসুর আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের জেএন মেডিকেল কলেজ থেকে সার্জারির ওপর এমবিবিএস এবং মাস্টার্স অব সার্জারি ডিগ্রি অর্জন করেন।

# তাইওয়ানকে ৩৪ কোটি ডলারের বেশি সামরিক সহায়তা দিচ্ছে যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ শুরুর পর থেকে কিয়েভকে একের পর এক সহায়তা দিয়ে যাচ্ছে বিশ্বের অন্যতম শক্তিধর দেশ যুক্তরাষ্ট্র। এবার এই তালিকায় যুক্ত হলো তাইওয়ান। দেশটিকে বড় অংকের সামরিক সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছে ওয়াশিংটন। তাইওয়ানের জন্য ৩৪ কোটি ৫০ লাখ ডলারের সহায়তা ঘোষণা করা হয়েছে। এর মাধ্যমে যুক্তরাষ্ট্র স্বায়ত্তশাসিত তাইওয়ানের প্রতি আরও সমর্থন বাড়াচ্ছে বলে অভিযোগ করেছে চীন। খবর আল জাজিরার।



এই প্যাকেজের আওতায় বিভিন্ন ধরনের প্রতিরক্ষা সামগ্রী, সামরিক শিক্ষা এবং অনুশীলনের বিভিন্ন জিনিসপত্র অন্তর্ভূক্ত থাকবে। শুক্রবার (২৮ জুলাই) মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে। কোন ধরনের অস্ত্র বা সরঞ্জাম সরবরাহ করা হবে সে সম্পর্কে বিশদ বিবরণ দেয়নি হোয়াইট হাউস। তবে নাম প্রকাশে অনিচ্ছুক কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে বিভিন্ন গণমাধ্যমের খবরে বলা হয়েছে, এই সামরিক সহায়তায় বিমান প্রতিরক্ষা ব্যবস্থা, ছোট অস্ত্র গোলাবারুদ এবং পুনরুদ্ধার সরঞ্জাম অন্তর্ভুক্ত থাকবে।

অপরদিকে যুক্তরাষ্ট্রের নতুন এই ঘোষণায় বিরক্ত চীন। ওয়াশিংটনের এমন পদক্ষেপের ঘটনায় বেইজিং নিন্দা জানিয়েছে। চীন তাইওয়ানকে নিজেদের অংশ বলে মনে করে। অপরদিকে, তাইওয়ান নিজেদের স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি চায়। এ নিয়ে দীর্ঘদিন ধরেই তিক্ততা রয়েছে। এর মধ্যেই তাইওয়ানকে যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তার বিষয়টি চীন যে ভালোভাবে গ্রহণ করবে না সেটাই স্বাভাবিক।

এক বিবৃতিতে ওয়াশিংটনে নিযুক্ত চীনা দূতাবাসের মুখপাত্র লিউ পেংইউ বলেন, যুক্তরাষ্ট্রের উচিত তাইওয়ানের কাছে অস্ত্র বিক্রি বন্ধ করা এবং নতুন কারণ তৈরি না করা। এতে তাইওয়ান প্রণালীতে উত্তেজনা সৃষ্টি হতে পারে। তবে যুক্তরাষ্ট্র কখনোই আনুষ্ঠানিকভাবে তাইওয়ানকে স্বীকৃতি দেয় না। দেশটির মাত্র ১৩টি কূটনৈতিক মিত্র দেশ রয়েছে।

চলতি মাসের শুরুর দিকে চীন দ্বিতীয়বারের মতো তাইওয়ানের চারপাশে বড় সামরিক মহড়া চালিয়েছে। তাইওয়ানের উপকূলরেখার কাছাকাছি কয়েক ডজন যুদ্ধজাহাজ এবং বিমান পাঠানো হয়।

গত কয়েক বছরে তাইপেইয়ের জন্য কয়েক বিলিয়ন ডলার সামরিক সহায়তা দিয়েছে যুক্তরাষ্ট্র। ২০২৬ সালের মধ্যে তাইওয়ানকে ৬৬টি এফ-১৬ যুদ্ধবিমান সরবরাহের জন্য দুদেশের মধ্যে ৮০০ বিলিয়ন ডলারের একটি চুক্তি হয়েছে।



# ইউক্রেনের নিপ্রোতে আবাসিক ভবনে ক্ষেপণাস্ত্র হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের পূর্বাঞ্চলীয় শহর নিপ্রোতে দুটি আবাসিক ভবনে ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়েছে। এতে কমপক্ষে পাঁচজন আহত হয়েছেন।

স্থানীয় সময় গতকাল শুক্রবার দিবাগত রাত সাড়ে আটটার দিকে এই হামলা চালানো হয়। ঘটনাস্থলে থাকা বিবিসির একটি প্রতিনিধিদল জানিয়েছে, হামলায় একটি বড় আবাসিক ভবনের ওপরের তলা পুরোপুরি ধ্বংস হয়ে গেছে।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, দেশটির নিরাপত্তা বাহিনীর (এসবিইউ) একটি ভবনেও ক্ষেপণাস্ত্র হামলা হয়েছে। এ হামলার জন্য 'রুশ ক্ষেপণাস্ত্রসন্ত্রাস'-কে দায়ী করেছেন তিনি।

টেলিগ্রামে একটি ভিডিও পোস্ট করেছেন প্রেসিডেন্ট জেলেনস্কি। সেখানে দেখা গেছে, ক্ষতিগ্রস্ত ভবন থেকে ধোঁয়া উড়ছে, সড়কে আগুন জ্বলছে।

ইউক্রেনীয় প্রেসিডেন্ট জানিয়েছেন, এরই মধ্যে তিনি এসবিইউ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জরুরি সেবা বিভাগ ও স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে জরুরি বৈঠক করেছেন।

আঞ্চলিক গভর্নর সেরহি লিসাক বলেন, আহত ব্যক্তিদের মধ্যে ১৪ ও ১৭ বছর বয়সী দুই শিশু রয়েছে। তাদের বাড়িতে চিকিৎসা দেওয়া হচ্ছে। এ ঘটনায় কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি।

নিপ্রোর মেয়র বরিস ফিলাতোভ বলেছেন, এ নিয়ে তৃতীয়বারের মতো এসবিইউর ভবনে হামলা হলো। হামলার লক্ষ্যবস্তু হওয়া এই ভবনের বেশির ভাগ অংশই ফাঁকা ছিল। আর আবাসিক ভবনটির কাজ খুব সম্প্রতি শেষ হয়েছে।

রাশিয়ার দক্ষিণাঞ্চলীয় রোস্তভ অঞ্চলে গতকাল দুটি ইউক্রেনীয় ক্ষেপণাস্ত্র প্রতিহত করা হয় দাবি করে মস্কো। এরপরই নিপ্রোতে ওই হামলা হয়।

রুশ প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, প্রথমে দক্ষিণাঞ্চলীয় বন্দর শহর তাগানরোগের আবাসিক অবকাঠামো লক্ষ্য করে এস-২০০ ক্ষেপণাস্ত্র ছোড়া হয়। সেটি ভূপাতিত করার পরপরই আজভ শহরের কাছে দ্বিতীয় এস-২০০ ক্ষেপণাস্ত্র ভূপাতিত করা হয়।

রোস্তভ অঞ্চলের গভর্নর ভাসিলি গোলুবেভ বলেন, প্রায় আড়াই লাখ মানুষের শহর তাগানরোগের কেন্দ্রভাগে 'চেখভ গার্ডেন' এলাকার কাছে বিস্ফোরণে ১৫ জন আহত হয়েছেন। কেউ গুরুতর আহত হয়নি।



# দিল্লিতে ১ লাখ বর্গমিটারজুড়ে তৈরি হচ্ছে জাদুঘর

**আন্তর্জাতিক ডেস্ক :** দিল্লির বুকে ১ লাখ ১৭ হাজার বর্গমিটারজুড়ে তৈরি করা হচ্ছে 'যুগে যুগে মিউজিয়াম'। ভারতের পুরনো সংসদ ভবনের সাউথ এবং নর্থ ব্লক জুড়ে এই নতুন জাদুঘর নির্মিত হবে। এই মিউজিয়ামটি প্যারিসের ল্যুভর মিউজিয়ামকেও হার মানাবে বলে দাবি কর্তৃপক্ষের।

এই জাদুঘরে দেশের ৫০০০ বছরের ইতিহাস ধরা থাকবে ৯৫০টি কক্ষে। ভারতের পাঁচ হাজার বছরের পুরোনো ইতিহাসের নিদর্শন থাকবে 'যুগে যুগে মিউজিয়াম'-এ।

সম্প্রতি নয়া দিল্লির প্রগতি ময়দানে ৪৭তম আন্তর্জাতিক জাদুঘর দিবস উপলক্ষ্যে আসন্ন জাতীয় জাদুঘরের ভার্চুয়াল ওয়াক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

জানা গেছে, 'যুগে যুগে ভারত' জাদুঘরে মোট আটটি বিভাগ থাকবে। সেগুলো হলো- প্রাচীন থেকে মধ্যযুগ, মধ্যযুগ, মধ্যযুগ থেকে উত্তরণ পর্ব, আধুনিক ভারত, ঔপনিবেশিক শাসন, স্বাধীনতা সংগ্রাম এবং ১৯৪৭ পরবর্তী সময়ের ইতিহাস। মৌর্য সাম্রাজ্যের উত্থান ও বিস্তারের পাশাপাশি সাতবাহন, পল্লব ও কুষাণ, গুপ্ত রাজবংশ, রাষ্ট্রকূট, চালুক্য রাজবংশের পাশাপাশি মতো মধ্যযুগের সুলতানি ও মুঘল যুগের ইতিহাসও সংকলিত থাকছে।

# ময়লা নিয়ে জার্মানিকে আদালতে নেওয়ার হুমকি পোল্যান্ডের

**আন্তর্জাতি ডেস্ক :** পোল্যান্ডে অবৈধভাবে ফেলা টনকে টন আবর্জনা সরিয়ে না নিলে জার্মানিকে আদালতে নেয়ার হুমকি দিয়েছেন দেশটির পরিবেশমন্ত্রী আনা মসকভা। ইতোমধ্যে এ বিষয়ে ইউরোপীয় দেশগুলোর জোট ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নির্বাহী সংস্থা ইউরোপীয় কমিশনে জার্মানির বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে পোল্যান্ড। বুধবার পোল্যান্ডের রাজধানী ওয়ারশে এক সংবাদ সম্মেলনে মসকভা জানান, বর্তমানে জার্মানির অন্তত ৩৫ টন আবর্জনা পোল্যান্ডের সাতটি অননুমোদিত আবর্জনার স্তূপে পড়ে আছে। এসব আবর্জনা সরিয়ে নিতে জার্মানির প্রতি আহ্বান জানান তিনি।



মসকভা বলেন, ময়লার ব্যাপারে জার্মানির কেন্দ্রীয় সরকারকে জানানো হয়েছে? কিন্তু তারা বলেছে, বিষয়টি দেখার দায়িত্ব রাজ্য সরকারের? তবে রাজ্য সরকারগুলো এখনও কোনো উদ্যোগ নেয়নি। তিনি বলেন, 'আমরা ইউরোপীয় কমিশনে অভিযোগ দায়ের করেছি। ইইউর বিচার আদালতে যাওয়ার আগে এটি প্রথম পদক্ষেপ।'

তবে ইউরোপীয় কমিশনের কর্মকর্তারা বলেছেন, কমিশন পোল্যান্ডের অভিযোগ সম্পর্কে শুনেছে, কিন্তু এখনও এ সম্পর্কিত আনুষ্ঠানিক কোনো নথিপত্র পায়নি।

এদিকে জার্মানির পরিবেশ মন্ত্রণালয়ের কর্মকর্তার জানিয়েছেন, এখন পর্যন্ত তারা পোল্যান্ড বা ইউরোপীয় কমিশন থেকে কোনো অভিযোগ পাননি, তাই এ ব্যাপারে কোনো মন্তব্য করবে না সরকার।

তবে মন্ত্রণালয়ের মুখপাত্র ক্রিস্টোফার স্টলৎসেনবার্গ বলেছেন, প্রতিবেশী দেশে অবৈধ বর্জ্য রপ্তানির ব্যাপারটিতে জার্মান সরকার উদ্বিগ্ন।

জার্মানির সরকারি সংবাদমাধ্যম ডিডব্লিউকে তিনি আরও বলেন, 'বার্লিন নয়, বরং অবৈধ বর্জ্য রপ্তানি বিষয়ে তদন্ত ও সেগুলো ফিরিয়ে আনার দায়িত্ব রাজ্য সরকারগুলোর। তবে যদি প্রয়োজন হয়, সেক্ষেত্রে বার্লিন অনানুষ্ঠানিকভাবে এ ব্যাপারে সহায়তা করে।' পোল্যান্ডে জমা হওয়া বিদেশি বর্জ্য অনেক বছর ধরেই একটি আলোচিত ইস্যু। এ বছরের শেষদিকে পোল্যান্ডে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা? তার আগে এই বিষয়ে আলোচনা আরও উত্তপ্ত হয়ে উঠেছে। বিশেষ করে গত সপ্তাহান্তে প্রায় পাঁচ হাজার টন রাসায়নিক বর্জ্যের কারণে একটি সংরক্ষণাগার পুড়ে যাওয়ায় ব্যাপারটি আরও গুরুত্ব পাচ্ছে।

# ইউক্রেনের গোয়েন্দা সংস্থার অফিসে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের গোয়েন্দা সংস্থার (এসবিইউ) অফিস লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে রাশিয়া। শুক্রবার (২৮ জুলাই) সন্ধ্যায় দানিপ্রোতে এ হামলা চালায় রুশ বাহিনী। তাদের ছোড়া ক্ষেপণাস্ত্রে গোয়েন্দা সংস্থার অফিস ছাড়াও আরেকটি উঁচু ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে।

দানিপ্রোর আঞ্চলিক সামরিক প্রশাসনের প্রধান সেরহি লাইসাক জানিয়েছেন, ক্ষেপণাস্ত্রের আঘাতে কমপক্ষে ৯ জন আহত হয়েছেন। যার মধ্যে দুইজন বালক রয়েছে। যদিও ডাক্তাররা জানিয়েছেন, আহদের অবস্থা স্থিতিশীল এবং বাড়িতেই তারা চিকিৎসা নিতে পারবেন। রুশ বাহিনী যেখানে ক্ষেপণাস্ত্র ছুড়েছে সেখানে গোয়েন্দা সংস্থার অফিস থাকার বিষয়টি নিশ্চিত করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি নিজে। তবে তিনি দাবি করেছেন, হামলার সময় ভবনের বেশিরভাগ অংশ খালি ছিল।

এ ব্যাপারে জেলেনস্কি বলেছেন, 'দানিপ্রো, শুক্রবার সন্ধ্যায় একটি উঁচু ভবন এবং গোয়েন্দা সংস্থার অফিসে হামলা হয়েছে।

## বিনোদন



# সংবাদের শিরোনাম নিয়ে চটেছেন স্বস্তিকা

**বিনোদন ডেস্ক :** অনেকটা ঠোঁটকাটা স্বভাবের টলিউড অভিনেত্রী স্বস্তিকা মুখোপাধ্যায়। কাউকেই কথা বলতে ছাড়েন না। হোক সেটা সিনেমার প্রযোজক কিংবা সিনিয়র কোনো অভিনেতা। দিন কয়েক আগে রবীন্দ্রনাথ নিয়ে কথা শুনিয়েছিলেন বলিউডের বর্ষীয়ান অভিনেতা অনুপম খেরকে। এবার ক্ষোভ ঝাড়লেন সংবাদের শিরোনাম নিয়ে।

কদিন বাদেই মুক্তি পাচ্ছে স্বস্তিকা মুখোপাধ্যায়, টোটা রায়চৌধুরী অভিনীত ওয়েব সিরিজ 'নিখোঁজ'। যেখানে বৃন্দা বসু নামে এক পুলিশ অফিসারের চরিত্রে অভিনয় করেছেন অভিনেত্রী। যার মেয়ে দিতি বসু নিঁখোজ হয়ে গিয়েছে। ওটিটি প্ল্যাটফর্ম হইচইয়ে ইতিমধ্যেই সেই সিরিজের ট্রেলার দেখে প্রশংসায় পঞ্চমুখ অনুরাগীরা। প্রচারও চলছে পুরোদস্তর। এর মাঝেই এক খবরের শিরোনাম পড়ে বেজায় চটে গেলেন স্বস্তিকা মুখোপাধ্যায়। অতঃপর কড়া কথা শোনাতেও ছাড়লেন না অভিনেত্রী। টুইটে প্রতিবাদ করে স্বস্তিকার লিখেছেন, 'দয়া করে খবরের শিরোনাম নিয়ে আরেকটু দায়িত্বশীল হোন।

# এখন মোটামুটি সব ওয়াক্তের নামাজ পড়ি : সোহেল রানা

**বিনোদন ডেস্ক :** ঢালিউড সিনেমার বর্ষীয়ান অভিনেতা সোহেল রানা। দীর্ঘ ক্যারিয়ারে অভিনেতা, নির্মাতা ও প্রযোজক হিসেবে উপহার দিয়েছেন অসংখ্য ব্যবসাসফল সিনেমা। বর্তমানে শারীরিক অসুস্থতার জেরে প্রায়ই বাসা-হাসপাতাল আসা-যাওয়ার মধ্যে থাকতে হয় তাকে। ইচ্ছে থাকলেও চলচ্চিত্রে আগের মতো সময় দিতে পারছেন না।



সম্প্রতি এক সাক্ষাৎকারে নিজের ব্যক্তিজীবন ও অন্যান্য বিষয় নিয়ে কথা বলেন কিংবদন্তি এই অভিনেতা। সেখানে ওঠে আসে তার বর্তমান দিনযাপন ও স্মৃতিচারণা।

সোহেল রানা বলেন, 'বর্তমানে প্রতিদিনই একটা না একটা অসুস্থতা লেগেই আছে। এরপরও আল্লাহর কাছে শুকরিয়া আদায় করি যেড়আমি কথা বলতে পারছি, আপনাদের সামনে আসতে পারছি। সবার সঙ্গে মেলামেশা করতে পারছি। এখন এভাবেই দিন কেটে যাচ্ছে।'

নিজের দিনযাপনের টুকিটাকি উল্লেখ করে অভিনেতা বলেন, 'এখন আমি ধর্মের বই পড়াশোনা করি। তবে আগের চেয়ে একটু বেশিই পড়াশোনা করি। নামাজ পড়ার ক্ষেত্রে আগে যেমন ঈদের নামাজগুলো পড়তাম কিংবা সময় সুযোগ পেলে হয়তো নামাজ পড়তাম। এখন মোটামুটি সব ওয়াক্তের নামাজ পড়ি। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আগে রোজা রাখা হতো, কিন্তু এখন অসুস্থতার কারণে রোজা রাখতে পারছি না। প্রতিদিন আমাকে ১৪টি ওষুধ খেতে হয়। এটা আমার খুব কষ্ট লাগে। এছাড়া বইও পড়া হয়।'

হজ পালনের কথা জানিয়ে তিনি বলেন, 'আমি অসুস্থ হওয়ার পরে হজে গিয়েছিলাম। প্রায় ২৫ বছর আগে আল্লাহ তায়ালা আমাকে হজ করার ভাগ্য দিয়েছিলেন।'

গান শোনার অভ্যাস ছিল আগে থেকেই। সেটি নিয়ে নিজের খানিকটা আক্ষেপ ঝরে পড়ল বরেণ্য এই অভিনেতার কণ্ঠে। তার কথায়, 'আমি আগে থেকেই প্রচণ্ড গান শুনতাম। কিন্তু বরাবরই দুঃখ ছিল যে আমি গান গাইতে পারি না। গান শুনতে ভীষণ পছন্দ করি।'

এদিন অতীত হাতড়ে তুলে আনলেন গান নিয়ে মজার এক স্মৃতি। অভিনেতার বর্ণনায়, 'আমার এখনো মনে আছে, আমি যখন এম এ পরীক্ষা দিই তখন টেপ-রেকর্ডার ছিল। আমি পড়ছিলাম, তখন আমার শিক্ষক বললেনড় পরশু দিন তোমার পরীক্ষা আর তুমি গান শুনছো। আমি তখন বললাম স্যার, এটা বন্ধ করে দিলে আমার আর পড়া হবে না। ওইটা বাজতে থাকুক, আমি গান শুনছি আর পড়াশোনা করছি।



# শাকিবের নায়িকা ইধিকাকে নিয়ে যা বললেন বুবলী

**বিনোদন ডেস্ক :** ঢাকাই সিনেমার শীর্ষ নায়ক শাকিব খান ও চিত্রনায়িকা শবনম বুবলীর সম্পর্কের কথা এখন সকলের জানা। ব্যক্তিজীবনের তিক্ততা ধরা দিয়েছে তাদের পেশাগত জীবনেও। আর কখনো একসঙ্গে কাজ করবেন না এই জুটি, এমনটাই জানান শাকিব খান।

সেই ধারাবাহিকতায় গেল ঈদে মুক্তিপ্রাপ্ত 'প্রিয়তমা' সিনেমার নায়িকা থেকে বাদ পড়েন বুবলী। এই ছবিতে প্রথমদিকে শাকিব খানের বিপরীতে বুবলীরই অভিনয় করার কথা ছিল। সেসময় ছবিটিতে চুক্তিও নাকি করেছিলেন তিনি। সংবাদমাধ্যমের খবরে ওঠে আসে সেসব তথ্য।

অবশ্য এখন সব অতীত। 'প্রিয়তমা' ছবিতে শাকিব খানের বিপরীতে দেখা যায় কলকাতার অভিনেত্রী ইধিকা পালকে। ব্যস্ততার কারণে ছবিটি এখনো দেখার সুযোগ না হলেও ছবির গান ও কিছু দৃশ্যের অংশবিশেষের ফুটেজ দেখার সুযোগ হয়েছে বুবলীর। সেখানে 'ইতি' চরিত্রে ইধিকার অভিনয় দারুণ পছন্দ হয়েছে ঢাকাই ছবির এই নায়িকার।

বুবলী বলেন, "আমি কিছু দৃশ্যের ফুটেজ ও গানে ইধিকাকে দেখেছি। চরিত্রটিতে ইধিকাকে অনেক মিষ্টি লেগেছে। তার কণ্ঠে কিছু সংলাপ শুনেছি, যেগুলো আমি আগেই পড়েছি, জানতাম। সংলাপগুলোয় খুব ভালো করেছেন ইধিকা।

# সেরা অভিনেত্রীর পুরস্কার পেলেন রুনা

**বিনোদন ডেস্ক :** 'রূপে-গুণে অনন্যা'ড় এই বিশেষণ যেন একদম মিলে যায় অভিনেত্রী রুনা খানের বেলায়। বেছে বেছে অভিনয়ের পাশাপাশি সামাজিকমাধ্যমেও বেশ সক্রিয় এ অভিনেত্রী। তার রূপের ঝলকে কুপোকাত আট থেকে আশি।

শুধু রূপে নয়, গুণেও যে তিনি অনন্য তার প্রমাণ রাখলেন আবারও। ওয়েব সিরিজ 'বোধ'-এ অভিনয়ের জন্য 'ময়ূরপঙ্খী স্টার অ্যাওয়ার্ড-২০২৩'-এ সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন রুনা। বিষয়টি নিজেই নিশ্চিত করেছেন এ অভিনেত্রী।

শনিবার (২৯ জুলাই) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে সেরার ট্রফি হাতে বেশ কয়েকটি ছবি পোস্ট করেন রুনা। ক্যাপশনে পুরস্কার প্রাপ্তির বিষয়টি জানিয়ে সম্মানিত করার জন্য ধন্যবাদ জানান তিনি।

কমেন্টের ঘরে অভিনেত্রীকে অভিনন্দন ও শুভেচ্ছা বার্তায় ভরিয়ে দিচ্ছেন ভক্ত-শুভাকাঙ্ক্ষীরা। তাদের কথায়, যোগ্য ব্যক্তির হাতেই উঠেছে সেরার পুরস্কার।


গেল বছরের ৪ নভেম্বর একটি ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পায় অমিতাভ রেজা চৌধুরী নির্মিত ওয়েব সিরিজ 'বোধ'। মুক্তির পরেই বেশ প্রশংসা কুড়ায় সিরিজটি। এতে একজন শিক্ষিকার চরিত্রে অভিনয় করেন রুনা। পর্দায় তার অভিনয় রীতিমতো নজর কাড়ে দর্শকদের।

সিরিজে অবসরপ্রাপ্ত বিচারপতির চরিত্রে অভিনয় করেন আফজাল হোসেন। একটি বিশেষ চরিত্রে অভিনয় করেন বর্ষীয়ান অভিনয়শিল্পী দিলারা জামান। বিভিন্ন চরিত্রে আরও অভিনয় করেন অর্চিতা স্পর্শিয়া, সারা আলম, রওনক হাসান, খায়রুল বাসার, সাঈদ বাবু, শাহজাহান সম্রাট প্রমুখ।

'বোধ' সিরিজের চিত্রনাট্য লিখেছেন রফিকুল ইসলাম পল্টু এবং জাহিন ফারুক আমিন। প্রযোজনা করেছে হাফ স্টপ ডাউন।

# বাদ পড়েনি আলিয়ার 'খেলা হবে' সংলাপ

**বিনোদন ডেস্ক :** বাংলাদেশের রাজনীতির মঞ্চ কাঁপিয়ে ওপার বাংলাতেও বেশ জনপ্রিয়তা পেয়েছিল 'খেলা হবে' স্লোগানটি। এরপর এটি উঠে আসে সম্প্রতি মুক্তি পাওয়া বলিউড সিনেমা 'রকি অউর রানি কি প্রেম কাহানি' ছবিতে। ট্রেলারে আলিয়া ভাটের মুখে 'খেলা হবে' সংলাপ শুনে হইচই পড়ে গিয়েছিল চারদিকে।



ছবির মুক্তির কয়েক দিন আগেই জানা যায়, সেন্সরের কাঁচিতে নাকি বাদ পড়েছে 'খেলা হবে'। এমনকী, বাদ দেওয়া হয়েছে রবি ঠাকুরের প্রসঙ্গও। কিন্তু ছবি মুক্তির পর দেখা গেল ভিন্ন চিত্র। 'খেলা হবে' থেকে রবীন্দ্রনাথ সবই রয়েছে ছবিতে।

'খেলা হবে' সংলাপ সেন্সরে বাদ পড়েছে শুনে রেগে লাল হয়েছিলেন তৃণমূল নেতা দেবাংশু ভট্টাচার্য। তিনি বলেন, "কী অবস্থা! সেন্সরের বোর্ডের কাজ হচ্ছে সমাজের পক্ষে যেটা ক্ষতিকারক, অসামাজিক কোনো বিষয়বস্তু বাদ দেওয়া। বা এমন কোনো সংলাপ-দৃশ্য, যেখানে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হতে পারে, সেগুলোকে বাদ দেওয়া। এরা 'দ্য কাশ্মীর ফাইলস', 'দ্য কেরালা স্টোরি' হইহই করে ছেড়ে দিচ্ছে, যেখানে হিন্দু-মুসলিমদের মধ্যে চরম দ্বন্দ দেখানো হয়েছে, আর সামান্য একটা 'খেলা হবে' স্লোগান কিংবা একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর নাম শুনে বলছে, বাদ দিয়ে দাও! কতটা নির্লজ্জ।"

ছবি মুক্তির আগে এক গান প্রকাশ অনুষ্ঠানে কলকাতা পা রেখেছিলেন আলিয়া ভাট ও রণবীর সিং। সংবাদ সম্মেলনে সেন্সর বোর্ডের এই সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন করা হলে, আলিয়া ও রণবীর দুজনেই বলেছিলেন, 'সেন্সর বোর্ডের সিদ্ধান্তই শেষ কথা। তবে এটুকু বলতে পারি, যদি কোনো দৃশ্য বা সংলাপে কাঁচি চলে, তাহলেও রকি-রানির প্রেমের গল্প দেখতে অসুবিধা হবে না। আর এর নেপথ্যে কোনো রাজনৈতিক ষড়যন্ত্র নেই!'

গতকাল শুক্রবার মুক্তি পেয়েছে করণ জোহর পরিচালিত 'রকি অউর রানি কি প্রেম কাহানি' ছবিটি। এতে বাঙালি মেয়ে রানি চট্টোপাধ্যায় চরিত্রে অভিনয় করেন আলিয়া ভাট। এবং পাঞ্জাবি ছেলে রকি রান্ধাওয়া চরিত্রে দেখা যায় রণবীর সিংকে। বিভিন্ন চরিত্রে আরও আছেন জয়া বচ্চন, ধর্মেন্দ্র, শাবানা আজমি, টোটা রায় চৌধুরী, চুর্ণী গঙ্গোপাধ্যায় প্রমুখ। প্রথমদিনে দর্শক-সমালোচক মহলে বেশ প্রশংসা কুড়িয়েছে সিনেমাটি।



# বিভেদ ভুলে একসঙ্গে রাফী-পরীমণি!

**বিনোদন ডেস্ক :** চিত্রনায়ক শরিফুল রাজের সঙ্গে তার স্ত্রী ও চিত্রনায়িকা পরীমণির দূরত্ববাস চলছে। একমাত্র ছেলে রাজ্যর অসুস্থতায়ও পরীর পাশে ছিলেন না রাজ। অথচ স্বামী রাজকে নিয়ে একসময় কথা শুনিয়েছিলেন জনপ্রিয় নির্মাতা রায়হান রাফীকে।

অবশেষে এ নায়িকা ও নির্মাতার মধ্যকার অভিমান-অভিযোগ ঘুচল! তেমনটাই ইঙ্গিত পাওয়া গেল পরীমণির ফেসবুক পোস্টে। শনিবার (২৯ জুলাই) সকালে ফেসবুকে ছেলেকে কোলে নিয়ে একটি ছবি পোস্ট করেন এ অভিনেত্রী। মা-ছেলের সুন্দর এই মুহূর্তটি মোবাইলের ক্যামেরায় ধারণ করেন রায়হান রাফী। ছবির ক্যাপশনে পরী লেখেন, 'চাচা বাদ। অনলি মামা ইজ রিয়েল।' সঙ্গে জুড়ে দেন লাভ ইমোজি। নিচে রায়হান রাফীকে মেনশনও করেন এ নায়িকা।

বোঝাই যাচ্ছে, অভিমানের বরফ গলছে এই দুই তারকার মাঝে। তাই তো রাফীকে রাজের ভাই (রাজ্যর চাচা) থেকে সরাসরি নিজের ভাই (রাজ্যর মামা) বানিয়ে ফেললেন পরীমণি।

# অক্ষয়ের 'ওএমজি ২' ছবির মুক্তি ঘিরে জট

**বিনোদন ডেস্ক :** ১১ অগস্ট মুক্তি পাওয়ার কথা ছিল অক্ষয় কুমার, পঙ্কজ ত্রিপাঠী অভিনীত ছবি 'ওএমজি ২'। একই দিনে মুক্তির তারিখ রয়েছে সানি দেওলের ছবি 'গদর ২'। অনেকে ভেবেছিলেন, স্বাধীনতা দিবসে এবার সম্মুখ সমরে দেখা যাবে দুই মেগাতারকাকে। তবে তেমন কিছু হচ্ছে না। শোনা যাচ্ছে, মুক্তি পিছাচ্ছে 'ওএমজি ২' ছবির। ভারতের সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন তথা সেন্সর বোর্ডের জাঁতাকলে পড়েছে অক্ষয়ের ছবি। ছবিটির ওপর একগুচ্ছ বিধিনিষেধ আরোপ করেছে সেন্সর বোর্ড।

২০১২ সালে মুক্তি পেয়েছিল অক্ষয় কুমারের ছবি 'ওএমজি- ওহ মাই গড'। ধর্মবিশ্বাস আর অবিশ্বাসের দোলাচল ছিল সেই ছবির কেন্দ্রীয় বিষয়। পাশাপাশি ধর্মের নামে কুসংস্কার, অসাধু ব্যবসা চক্রের বিরুদ্ধেও কথা বলেছিল ছবিটি। ছবিটি বক্স অফিসে সাফল্য পায়। এবার সেই ছবিরই দ্বিতীয় পার্ট আসতে যাচ্ছে।